

# SYLHET

*the daughter of nature*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

# জেলা প্রশাসন, সিলেট

## District Administration, Sylhet

a2i

জনগণের দোরগোড়ায় সেবা

Service @ Doorsteps

# প্রকৃতি কন্যা সিলেট

SYLHET

*the daughter of nature*

জেলা প্রশাসন, সিলেট

District Administration, Sylhet

দিক নির্দেশনায়
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম,
প্রধানমন্ত্রীর কার্যালয়

সার্বিক তত্ত্বাবধানে
মন্ত্রিপরিষদ বিভাগ

রচনায় ও প্রকাশনায়
জেলা প্রশাসন, সিলেট

পৃষ্ঠপোষকতায়
নুমেরী জামান, জেলা প্রশাসক, সিলেট

বিশেষ কৃতজ্ঞতা
দেবজিৎ সিংহ উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
মোহাম্মদ আব্দুল্লাহ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট
সন্দীপ কুমার সিংহ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট

সম্পাদক
আবু সাফায়েৎ মুহাম্মদ শাহে দুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট

সহ-সম্পাদক
রাসনা শারমিন মিথি, সহকারী কমিশনার, সিলেট

আলোকচিত্র
মো. মুনতাসির হাসান, সহকারী কমিশনার (ভূমি) জৈন্তাপুর
আনিছ মাহমুদ
শামীম আনোয়ার সাদাত

কিছু ছবি ইন্টারনেট সংগৃহিত।

প্রকাশকাল
জৈষ্ঠ্য ১৪২৫ বঙ্গাব্দ, জুন ২০১৮ খ্রিস্টাব্দ

প্রচ্ছদ, লে-আউট ও ডিজাইন
মোহাম্মদ মঈনুল হোসেন চৌধুরী,
সহকারী কমিশনার, সিলেট

মুদ্রণ
সার্ভার স্টেশন, আন্দরকিলা, চট্টগ্রাম

কপিরাইট
জেলা প্রশাসন, সিলেট

সর্বস্বত্ব সংরক্ষিত। জেলা প্রশাসন, সিলেটের লিখিত পূর্বানুমতি ছাড়া
এই পুস্তকের কোনো অংশ কোনোভাবে পুনর্মুদ্রণ করা যাবে না।

Directed By
Access to Information (a2i) Program,
Prime Minister's Office

Overall supervision
Cabinet Division

Writer & Publisher
District Administration, Sylhet

Patronized by
Numeri Zaman, Deputy Commissioner, Sylhet

Special Thanks
Debjit Sinha, Deputy Director Local Government, Sylhet
Muhammad Abdullah, ADC (Revenue), Sylhet
Sandip Kumar Sinha, ADC (General), Sylhet

Editor
Abu Safayat Md. Sahe dul Islam,
ADC (Education and ICT), Sylhet

Co-Editor
Rasna Sharmin Methy, Assistant Commissioner, Sylhet

Photography
Md. Muntasir Hasan AC (Land), Jaintapur
Anis Mahmud
Shameem Anowar Sadat

Some photographs are collected from internet.


Date of Publication
Jaistho 1425, June 2018

Cover Page, Lay-out & Design
Mohammad Moinul Hossain Chowdhury
Assistant Commissioner, Sylhet

Printed by
Server Station, Anderkilla, Chittagong

Copyright
District Administration, Sylhet

All rights reserved. Reprinting or copying any part of this book in any form
without prior written permission of the publisher is strictly prohibited.


প্রকৃতি কন্যা
সিলেট



# মন্ত্রিপরিষদ সচিবের বাণী

**মোহাম্মদ শফিউল আলম**
**মন্ত্রিপরিষদ সচিব**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃপ্তপদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যেবদ্ধ পরিকর। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো ব্র্যান্ড-বুক। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন সিলেট ব্র্যান্ড-বুক প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশাকরি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড-বুক প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মোহাম্মদ শফিউল আলম)



# MESSAGE OF CABINET SECRETARY

**Mohammad Shafiul Alam**
**Cabinet Secretary**
Government of the People's Republic of Bangladesh

Bangladesh is pacing firmly on the highway towards development with a vision to realize Sonar Bangla, the dream of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman under the charismatic leadership of Sheikh Hasina, Honorable Prime Minister of Bangladesh. The country is determined to become a middle income nation by 2021 and a prosperous and developed nation by 2041 in the course of realization of the vision. Integrated efforts and initiatives along with appropriate flourishment of the economic prospects of each district arecrucial for achieving the vision. In this context district branding is being implemented under the coordination of Cabinet Divisionwith the support of the a2i program of Prime Minister's Office. The cabinet division has already issued a strategy for proper planning and implementation of district-branding.

One of the most important aspects of district-branding is the brand-book. It is an important and effective tool for showcasing district-branding at home and abroad. I am absolutely delighted to know that Office of the Deputy Commissioner, Sylhet is going to publish a brand-book with the support of a2i program. I believe this brand-book will play a pivotal role in depicting district-branding initiatives and implementation trajectory. I would like to thank all officials concerned with the preparation of the book.

Mohammad Shafiul Alam



# মুখ্য সচিবের বাণী

**মোঃ নজিবুর রহমান**
**মুখ্য সচিব**
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ ক্ষেত্র রয়েছে, যেমন: পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্যকর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা-ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডসহ সকল সরকারি-বেসরকারি সংস্থাসমূহ একযোগে কাজ করতে পারে। প্রধানমন্ত্রীর কার্যালয় ও সবধরনের সহায়তা দিতে পারে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে পরিচিত কওে তুলতে জেলা সমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তারমধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে তেমনি জেলা-ব্র্যান্ডিংয়ের ইতিহাসে একটি উলেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্যসমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক তৈরির জন্য আমি জেলা প্রশাসন সিলেট, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

(মোঃ নজিবুর রহমান)



# MESSAGE OF PRINCIPAL SECRETARY

**Md. Nojibur Rahman**
**Principal Secretary**
Prime Minister's Office
Government of the People's Republic of Bangladesh

The mission of district branding is to achieve socio economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites,commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history,tradition and culture of the districts,developing tourism industry, implementing 'one district one product' programmeand identifying and preserving the geographical indications (GIs). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. The Prime Minister's Office can also provide all-out support.

All the districts have already selected their branding areas, developed logos and three-year work plan with the support of the a2i program of the Prime Minister's Office. One of the important initiatives of the district to promote district branding at home and abroad is the publication of Brand Book.This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration Sylhet, a2i and all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

(Md. Nojibur Rahman)



## জনপ্রশাসন সচিবের বাণী

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
**সিনিয়র সচিব**
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাকৃতিক সৌন্দয্যের অপার লীলাভূমি এবং পূন্যভূমি হিসাবে খ্যাত সিলেটকে দেশের আধ্যাত্মিক রাজধানী হিসাবে আক্ষ্যায়িত করা যায়। প্রাকৃতিক সৌন্দয্যের সাথে আধ্যাত্মিকতার এক অপূর্ব সম্মিলন ঘটেছে সিলেটে। হযরত শাহজালাল (রহ:), হযরত শাহ পরাণ (রহ:) দের' ন্যায় মহাত্মাদের সাথে মিশে গেছে পাহাড়-অরণ্যের নয়নাভিরাম দৃশ্য, জাফলং-এর মনোমুগ্ধকর সৌন্দর্য, ভোলাগঞ্জের সারি সারি পাথরের স্তুপ, বিছানাকান্দির স্বচ্ছ জলরাশি যা পর্যটকদের মুহুর্তেই টেনে নিয়ে যায় মায়াময় এক অন্য জগতে।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামে প্রতিটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাকে খুঁজে আনার উদ্যেগ বদ্ধপরিকর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান স্বপ্ন দেখেছিলেন একটি সোনার বাংলার। আমাদের সুযোগ্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সেই সোনার বাংলার স্বপ্ন আজ বাস্তবায়িত হতে চলছে। জেলা ব্র্যান্ডিংয়ের এই চমৎকার উদ্যেগ ২০৪১ সালের মধ্যে সোনার বাংলা গড়ার পথে আমাদের অনেকটুকুই এগিয়ে নিয়ে যাবে। সিলেট জেলার ব্র্যান্ডিং স্লোগান হিসেবে 'প্রকৃতি কন্যা' নির্ধারণ করা হয়েছে। সিলেট যে যথার্থই 'প্রকৃতি কন্যা'। বলা যায় 'প্রকৃতি কন্যা, সিলেট অনন্যা।

জেলা ব্র্যান্ডিং-এর অনুসঙ্গ হিসেবে জেলা প্রশাসন ব্র্যান্ড-বুক প্রণয়ন করতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। জেলার ইতিহাস, ঐতিহ্য ও প্রাকৃতিক সৌন্দর্যকে তুলে ধরার ক্ষেত্রে ব্র্যান্ড-বুক প্রকাশনা একটি কার্যকরী পদক্ষেপ। আশা করি এর মধ্যে দিয়ে পাঠক-পর্যটকগণ জেলার ইতিহাস-ঐতিহ্যকে নতুন করে জানতে আগ্রহী হবে। সে সাথে দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করতে পারবে। আমি এ উদ্যেগের উত্তরোত্তর সাফল্য কামনা করি।

ব্র্যান্ড-বুক প্রকাশনার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

(ড. মোঃ মোজাম্মেল হক খান)



# MESSAGE OF PUBLIC ADMINISTRATION SECRETARY

**Dr. Md. Mozammel Haque Khan**
**Senior Secretary**
Ministry of Public Administration
Government of the People's Republic of Bangladesh

Sylhet popularly known as blissful and holyland is considered as the spiritual capital of the county. A beautiful amalgamation of natural and spiritual beauty has happened in Sylhet. The holy spirit Hazrat Shahjalal (Rah:), Hazrat Shah Paran (Rah:) has combined with the mindful beauty of the mountains, the beautiful scenery of Jaflong, the steep rocks of Bholaganj, the transparent waters of Bichankandi which dragged the tourist into a moment of another world.

Sylhet is a district replete with bounteous natural flora and fauna and land of sanctity. There is spirituality on one side and on the other side it is full of soothing green beauty of hills-hillocks, enchanting beauty of Jaflong, the transparent water of Bichanakandi that migrates the tourists to the world of dream and adventure.

The a2i program of Honorable Prime Minister's Office, is striving to unfold the true potentials and prominence of every districts of Bangladesh. Our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman dreamt for a 'Sonar Bangla'. His dream is coming true under the Leadership of our worthy Prime Minister Sheikh Hasina. This tremendous initiative of District Branding is clearly stepping forward to make country a real 'Sonar Bangla' by 2041. The phrase, 'Daughter of Nature' has been coined and selected as a branding slogan for Sylhet district and obviously it is a perfect selection.

I am utterly happy to know that Sylhet District Administration is going to launch Brand-Book as a part of district branding. This is a very effective initiative to uphold the history, heritage and natural beauty of the district. It is expected that the tourists and the readers will be more interested to know the history and heritage of Sylhet, Moreover, it will be able to play a remarkable role in the development of the country.

I wish success of this great initiative my hearties thanks to those who are directly & indirectly involved with the publication of Brand-Book.

(Dr. Md. Mozammel Haque Khan)



# বিভাগীয় কমিশনারের বাণী

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
**বিভাগীয় কমিশনার**
সিলেট

ইউনেস্কোর স্বীকৃতি সিলেটের শীতল পাটিকে বিশ্বদরবারে এনে দিয়েছে এক অনন্য মর্যাদা; সেই সাথে প্রকৃতিও সিলেটকে দু হাতে সৌন্দর্য ঢেলে দিয়েছে। সিলেটের সাংস্কৃতিক ঐতিহ্য এবং পর্যটনকে নতুন করে পরিচয় করিয়ে দিতে চলছে জেলা ব্র্যান্ডিংয়ের কাজ। এটুআই এর এই উদ্যোগটি সত্যিই প্রশংসনীয়।

বিভিন্ন পর্যটক আকর্ষণীয় স্থানের উন্নয়ন ছাড়াও পর্যটকদের সুবিধার জন্য ওয়েবসাইট ও অ্যাপস ভিত্তিক কিছু উদ্যোগ গ্রহণ করেছে সিলেট জেলা প্রশাসন। পর্যটকদের নিরাপত্তার জন্য জেলা প্রশাসনের নেতৃত্বে আনসার ও ভিডিপি, বিজিবি, ট্যুরিস্ট পুলিশসহ বিভিন্ন স্বেচ্ছাসেবকগণ নিরলসভাবে কাজ করছে।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত করার মহৎ উদ্দেশ্যে মাঠ প্রশাসন একাগ্রতার সাথে কাজ করে যাচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে জেলা ব্র্যান্ডিং এক অনন্য প্রয়াস। জেলা ব্র্যান্ডবুক প্রকাশনার মাধ্যমে জেলার সম্ভাবনাময় ক্ষেত্রে বিনিয়োগের জন্য দেশী বিদেশী বিনিয়োগকারীদের আকর্ষণ করা সম্ভব হবে বলে আমার বিশ্বাস। ব্র্যান্ডিংয়ের মাধ্যমে জেলার সম্ভাবনাকে কাজে লাগাতে পারলে কর্মসংস্থান বাড়বে এবং অর্থনীতি শক্তিশালী হবে যা দেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে একটি বড় হাতিয়ার হিসেবে কাজ করবে।

ব্র্যান্ডবুক প্রকাশনার জন্য সিলেট জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং জেলা ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করছি।

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)



# MESSAGE OF DIVISIONAL COMMISSIONER

**Dr. Nazmanara Khanum**
**Divisional Commissioner**
Sylhet.

UNESCO recognition has brought the Shital Pati (mats woven from Cane skin) of Sylhet to the world market a unique status; in addition, Nature has adorned Sylhet with heavenly beauty. District Branding is going to newly introduce cultural heritage and the tourist attractions of Sylhet. In this regard the initiative of a2i program is really appreciable.

In addition to the developement of attractive tourist spot, Sylhet District Administration has taken some initiatives like introducing an website based app for the convenience of tourists. Besides this, District Administration along with Ansar and VDP, BGB, Tourist Police and volunteers are working relentlessly to ensure security of tourist.

Field Administration is working assiduously to make Bangladesh a middle income country by 2021 and to turn the country into a developed one by 2041. This is really an enormous attempt to build 'Sonar Bangla' the dream of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. I truly believe that it would be possible to attract investors from home and abroad in the potential sectors through the publication of District Brand Book. If we can utilize the prospects of the district through district branding, the employment in the country will increase and the economy will be stronger which will serve as a great tool to achieve the status of a middle income country.

My heartfelt thanks go to District Administration Sylhet and all who contributed to the publication of District Brand Book and I wish all the success of the District Branding initiative.

(Dr. Musammat Najmanara Khanum)



# প্রকল্প পরিচালকের বাণী

**মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ**
**যুগ্মসচিব ও প্রকল্পপরিচালক**
একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম,
প্রধানমন্ত্রীর কার্যালয়।

বাংলাদেশের প্রতিটি জেলা এক একটি অনন্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমণ্ডিত। কোনো জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাও বা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প সাহিত্যে সমৃদ্ধ। আবার কোনো জেলা কৃষিজ পণ্যের জন্য বিখ্যাত, কোথাও বা মজাদার কোন খাবারের জন্য সুনাম কুড়ানো। দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধু দেশের অভ্যন্তরেই নয়, বহিঃর্বিশ্বের কাছে তুলে ধরে আমাদের ঐতিহ্য, সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য 'জেলা-ব্র্যান্ডিং' অনন্য ও দূরদৃষ্টি সম্পন্ন একটি উদ্যোগ ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উলেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনা দেশ-বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে 'ডিজিটাল বাংলাদেশ' তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই রূপকল্পসমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

এই উদ্যোগকে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষক ভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড-বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞানভাণ্ডার হিসেবে কাজ করবে। সেই লক্ষ্যেই জেলা কমিটিকে এই বই প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলার পাশাপাশি ইংরেজিতেও বিষয়সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিত ভাবে বেড়েছে।

আমি আশা করব ভবিষ্যতে এই ব্র্যান্ড-বুকের নতুন নতুন সংস্করণ প্রকাশিত হবে এবং ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে তুলে ধরতে তা কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। জেলা প্রশাসন সিলেট, এটুআই এবং বিভিন্ন পর্যায়ে সংশিষ্ট থেকে যাঁরা এই প্রকাশনাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ)



# MESSAGE OF PROJECT DIRECTOR

**Md. Mustafizur Rahman, PAA**
**Joint Secretary & Project Director**
a2i (Access to Information) Programme
Prime Minister's Office.

Each and every districts of Bangladesh possess some unique features and potentials. Some part of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques.Someparts of this land also have abundancy in agri products with lot of fruits and crops. The folk arts and cultural heritages of this country have glorious history. All the unique features and characteristics of the every part of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about beautiful Bangladesh and to attract Foreign Direct Investment. In this perspective district branding is a unique approach.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honorable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programs. As part of these programs to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i program of the Prime Minister's Office.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book will serve as a knowledge base for planning and implementing district-branding and for those who will be associated with this initiative later. For this reason, the district committee has been requested to publish this document. Bilingual feature of this book has certainly added extra advantage regarding its use. I expect, new editions of this book will be published in future and will play a crucial role in showcasing district branding at home and abroad.

My heartfelt thanks go to District Administration Sylhet, a2i and all who contributed to this significant publication.

Md. Mustafizur Rahman, PAA



# জেলা প্রশাসকের বাণী


**নুমেরী জামান**
জেলা প্রশাসক
সিলেট


সৌন্দর্যের অপার লীলাভূমি সিলেট; একই সঙ্গে এটি পুণ্যভূমিও। প্রকৃতি কন্যা সিলেটের বিস্তৃত অঞ্চলে আছে পাহাড়, নদী, বন; রয়েছে হযরত শাহজালাল (র.) এবং শাহ পরান (র.), গাজী বোরহান উদ্দীনের মাজারের মতো পুণ্যস্থানও। আধ্যাত্মিকতা ও প্রাকৃতিক সৌন্দর্য সিলেটকে করেছে অনন্য।

বাংলাদেশের প্রতিটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাকে বিকশিত করার মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বির্নিমানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে জেলা ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বির্নিমাণে এ উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সময়োপেযাগী কর্মপরিকল্পনা গ্রহণ ও সঠিক বাস্তবায়নের ফলে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা আজ বাস্তবে রুপ নিতে যাচ্ছে। ব্র্যান্ডবুক তৈরির এ উদ্যোগের মাধ্যমে সিলেট আবারও নতুন করে পরিচিত হবে সর্বমহলে; বাড়বে পর্যটন শিল্পের সম্ভাবনা। ভিশন ২০২১ এবং ভিশন ২০৪১ অর্জন করার লক্ষ্যেও দেশের অর্থনীতির চাকা গতিশীল করতে পর্যটন শিল্প রাখতে পারে এক বলিষ্ঠ ভূমিকা।

সিলেটের ধর্মীয় এতিহ্য, সাংস্কৃতিক ও প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য, মুক্তিযুদ্ধের নিদর্শন থেকে শুরু করে জেলার পর্যটন স্পট ও সমৃদ্ধ খাবার দাবার সবকিছুই রাখা হয়েছে ব্র্যান্ডবুকে। চা বাগানের মনরোম পরিবেশে তো বটেই সিলেটে রয়েছে দেশের একমাত্র সোয়াম্প ফরেস্ট রাতারগুল। জাফলংয়ের পাহাড়ি ঝর্ণা, নদী আর বিছনাকান্দির পাথর সহজেই মুগ্ধ করে পর্যটকদের।

ব্র্যান্ডবুক তৈরিতে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ উদ্যোগ গ্রহণ করার জন্য বিশেষ কৃতজ্ঞতা জানাই এটুআইকে। আমি এ প্রকাশনার সাফল্য কামনা করি।

(নুমেরী জামান)



# MESSAGE OF DEPUTY COMMISSIONER

**Numeri Zaman**
**Deuty Commissioner**
Sylhet

Sylhet is a land of unprecedented beauty. At the same time it is also a holy land. There are mountains, rivers, forests in the vast areas of Nature of daughter, Sylhet; there are also places of worship like the shrines of Hazrat Shahjalal (Ra) and Shah Panran (Ra), Gazi Borhan Uddin. Spirituality and natural beauty have made Sylhet unique.

By developing the distinction and potential of every district of Bangladesh, by 2041, the A2I Program of Honorable Prime Minister's Office, under the supervision of the cabinet division, has taken initiatives for the establishment of a developed and prosperous Bangladesh. This initiative is truly appreciable in the establishment of Golden Bangla, the dream of Father of the Nation. Bangabandhu's dream of Sonar Bangla, is coming true to take shape in the real sense due to the successful implementation of the action plan and the right implementation of the leadership of Sheikh Hasina. Through this initiative of creating Brand-book, Sylhet will be known again in the whole world; the possibility of tourism industry will increase. In order to achieve Vision 2021 and Vision 2041, the tourism industry can play a dynamic role.

The Brandbook contains religious interest, cultural and archaeological traditions, from the point of view of the war of liberation, tourism spot in the district and all the rich food items have been kept in brand-book. Even after having the peaceful environment of tea garden, Sylhet has got the country's only swamp forest 'Ratargul'. Jaflong's mountainous waterfalls, rivers and Bisanakandi’s stones easily attract the tourists.

I offer heartfelt thanks to everyone who has directly and indirectly contributed in developing the brand-book. We are very grateful to A2I for taking this initiative. I wish the success of this publication.

(Numeri Zaman)

# সূচি


**বাংলাদেশের বিভাগীয় শহরসমূহ** ১৮
**উপেজলা ভিত্তিক দর্শনীয় স্থানসমূহ** ১৯
**জেলা ব্রান্ডিং** ২০

**প্রকৃতির কন্যা সিলেট** ২২
একনজরে সিলেট ২৩
হযরত শাহজালাল (র.) এর মাজার ২৪
হযরত শাহপরান (র.) এর মাজার ২৬

**শাহী ঈদগাহ** ২৮
গাজী বোরহান উদ্দিন (র.) এর মাজার ৩০
চাষনী পীর (র.) এর মাজার ৩১
সিলেট এর নাগরী লিপি ৩২
মনিপুরী শাড়ী ৩৩
সিলেটের বেত শিল্প ৩৪
ইউনেস্কো স্বীকৃত শীতলপাটি ৩৫

**ক্বীনব্রীজ** ৩৬
আলী আমজাদের ঘড়ি ৩৮
মালনী ছড়া চা-বাগান ৩৯
লাক্কাতুড়া চা-বাগান ৪০
মণিপুরী রাজবাড়ী ৪১
জৈন্তিয়া রাজবাড়ী ৪২

**জাফলং** ৪৪
খাসিয়াপুঞ্জি ৪৭
সিলেটের ক্ষুদ্র নৃগোষ্ঠি ৪৮
টিলাগড় ইকোপার্ক ৪৯
বৈচিত্রময় খাদিমনগর জাতীয় উদ্যান ৫১

**রাতারগুল** ৫২
তামাবিল স্থলবন্দর ৫৫
পান্তমাই ৫৬
চেঙ্গেরখাল ৫৮
সারিঘাট ৫৯

**বিছনাকান্দি** ৬০
উতমাছড়া ৬২
মায়াবী ঝরণা ৬৩
হাসন রাজার বাড়ী ৬৪
হাসন রাজা মিউজিয়াম ৬৫
ওসমানী জাদুঘর ৬৬
বঙ্গবীর ওসমানী শিশু পার্ক ৬৭

**লোভাছড়া** ৬৮
মণিপুরী নাচ ৭১
ধামাইল গান ও ধামাইল নাচ ৭২
সিলেটের সংস্কৃতি ৭৩
সাইট্রাস গবেষণা কেন্দ্র ৭৪

**শ্রীপুর** ৭৬
নলজুড়ি ঝর্ণা ৭৯
ওসামনী আন্তর্জাতিক বিমানবন্দর ৮০
সিলেট রেলওয়ে স্টেশন ৮১
সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম ৮২
সুরমা নদী ৮৩

**নীল পানির লালাখাল** ৮৪
কুশিয়ারা নদী ৮৭
সারি নদী ৮৮
গোয়াইন নদী ৮৯
পিয়াইন নদী ৯০
ডাউকি নদী ৯১

**সাদা পাথরের ভোলাগঞ্জ** ৯২
আলোচিত গণকবর ও বধ্যভূমি ৯৫
শহীদ মিনার ৯৬
চেতনা' ৭১ ৯৭
নানকার বিদ্রোহ ৯৮
শহীদ মিনার (শাবিপ্রবি ক্যাম্পাস) ৯৯

**হাকালুকি হাওর** ১০০
এমসি কলেজ ১০২
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১০৩
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ১০৪
ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল ১০৫
সাতকরা ১০৬
পান-সুপারি, রসালো কমলা ১০৭

**চা** ১০৮
লটকন, লুকলুকি ১১০
জলঢুপি আনারস, তৈকর ১১১
জাম্বুরা, মাল্টা, লেবু ১১২
শ্রী চৈতন্যদেবের বাড়ী ১১৩
গোবিন্দ চন্দ্র দেব, এমএজি ওসমানী ১১৪
হেনা দাস, সালমান শাহ ১১৫

**ডিবি হাওর** ১১৬
ব্রান্ডিং ওয়ার্কশপ ও ভিডিও কনফারেন্স ১১৮
পর্যটন সহায়তা কেন্দ্র ও তথ্য বোর্ড ১১৯
যাতায়াত ব্যবস্থা ১২০
পর্যটন মোটেল ১২১
নাজিমগড় রিসোর্ট ১২২
শুকতারা রিসোর্ট ১২৩

**সিলেট সার্কিট হাউস** ১২৪
এক্সেলসিয়র হোটেল এন্ড রিসোর্ট ১২৬
হোটেল স্টার প্যাসিফিক ১২৭
হোটেল নূরজাহান গ্রান্ড ১২৮

# Index


**Divisional Cities of Bangladesh** **18**
**Tourist Spots at differnt Upazila** **19**
**District Branding** **20**

**Sylhet: The Daughter of Nature** **22**
At a Glance Sylhet District 23
The Shrine of Hajarat Shahjalal (R.) 25
The Shrine of Hajarat Shahporn (R.) 27

**Shahi Eidgah** **29**
The Shrine of Gaji Burhan Uddin (R.) 30
The Shrine of Chasni Pir (R.) 31
Nagri Script 32
Monipuri Sharee 33
Cane Art (A tradition of sylhet) 34
Shitalpati (cool plate) 35

**Keane Bridge** **37**
Aliamzad's Clock Tower 38
Malnichera Tea Garden 39
Lakkatura Tea Garden 40
Monipuri Rajbari 41
Jainta Rajbari 43

**Jaflong** **46**
Khasiya Punji 47
The Ethnic Groups of Sylhet 48
Tilaghor Eco Park 50
National Parkland of Khadimnagor 51

**Ratargul** **54**
Tamabil Landport 55
Panthumai 57
Chenger Khal 58
Sarighat 59

**Bisnakandi** **61**
Utmachara 62
Mayabi Fount 63
House of Hason Raja 64
Museum of Rajas 65
Osmani Museum 66
Bangabir Osmani Children Park 67

**Luvachora** **70**
Manipuri Dance 71
Dhamail Songs and Dhamil Dance 72
Chitrangoda 73
Citrus Research Centre 75

**Sripur** **78**
Noljori Waterfall 79
Osmani International Airport 80
Sylhet Railway Station 81
Sylhet International Cricket Stadium 82
Surma River 83

**Blue Water's Lala Khal** **86**
Kushiara River 87
Sari River 88
Gowain River 89
Pyain River 90
Dawki River 91


**White Stone's Bholaganj** **94**
Cemetery and Grabeyard 95
Shahid Minar 96
Chetona 71 97
Nankar Revolt 98

**Hakaluki Haor** **101**
M.C. College 102
Shahjalal University of Science
And Technology 103
Sylhet Agricultural University 104
M.A.G. Osmani Medical College & Hospital 105
Satkora 106
Succulents Orange, Betel Leaf and Nuts 107

**Cha (Tea)** **109**
Lukluki, Longan (Burmese grap) 110
Joldupi Pine Apple, Toikor Fruit 111
Malta, Jambura, Lemon 112
Sri Chaitannaya dev Temple 113
Dr. Govinda Chandra Dev, General M.A.G. Osmani 114
Hena das, Salman Shah 115

**Dibir Haor the Land of Water Lily** **117**
Branding Workshop & Vedio Conference 118
Tourist Information Board 119
Communication System 120
Parjaton Motel 121
Nazimgarh Resort 122
Shuktara Resort 123

**Sylhet Circuit House** **124**
Excelsior Sylhet Hotel and Resort 126
Hotel Star Pacific 127
Hotel Noorjahan Gran 128


BANGLADESH
বাংলাদেশ
Rangpur
রংপুর
Mymensing
ময়মনসিংহ
Sylhet
সিলেট
Rajshahi
রাজশাহী
Dhaka
ঢাকা
Khulna
খুলনা
Barishal
বরিশাল
Chattagram
চট্টগ্রাম

# Tourist Spots in Sylhet
# সিলেটের দর্শনীয় স্থানসমূহ

### সিলেট সদর (১৯৮৩)
### Sylhet Sadar(1983)

**দর্শনীয় স্থান:** শ্রী শ্রী দুর্গা বাড়ি মন্দির ও ইকো পার্ক; সোনাতলা পুরাতন জামে মসজিদ; রায়ের গাঁও হাওর; মালনী ছড়া চা বাগান; অ্যাডভেঞ্চার ওর্য়াল্ড পার্ক

Shri Shri Durgabari Temple and Eco-park; Sonatola Old Jameh Mosque; Rayer Gao Haor; Malni Cherra Tea Garden; Adventure World Park

### গোয়াইনঘাট (১৯৮৩)
### Gowainghat(1983)

**দর্শনীয় স্থান:** জাফলং; বিছনাকান্দি; রাতারগুল সোয়াম্প ফরেস্ট; পাংথুমাই/পান্তুমাই/পান্থুমাই ঝরনা; খাসিয়া পুঞ্জি

Jaflong; Bisanakandi; Ratargul Swamp Forest; Pangthumai/Pantumai/Panthumai Jharna; Pungis of Khasi People

### কোম্পানীগঞ্জ (১৯৮২)
### Companiganj(1982)

**দর্শনীয় স্থান:** ভোলাগঞ্জ পাথর কোয়ারি; ভোলাগঞ্জ রেলওয়ে বাঙ্কার; শাহ আরেফিন (র.)-এর মাজার;

Bholaganj Stone Quarry; Bholaganj Railway Bunker; Shrine of Shah Arefin (R.)

### জৈন্তাপুর (১৯৮৩)
### Jaintiapur(1983)

**দর্শনীয় স্থান:** লালাখাল; নাজিমগড় রিসোর্ট; জৈন্তা রাজবাড়ির ধ্বংসাবশেষ; জৈন্তা গেইট

Lalakhal; Najimgarh Resort; Ruins of Jointia Rajbari; Jointia Gate

### কানাইঘাট (১৯৮৩)
### Kanaighat (1983)

**দর্শনীয় স্থান:** লোভাছড়া পাথর কোয়ারি; কাঠালবাড়ি, মায়াবন

Lovachhara Stone Quarry; Kathalbari, Mayabon




### জকিগঞ্জ (১৯৮৩)
### Zakiganj(1983)

**দর্শনীয় স্থান:** গায়েবী দিঘী মসজিদ; তিন নদীর মোহনা, আমলশীদ; কাস্টমস ঘাট; আটগ্রামের পাহাড়

Gayebi Dighi Mosque; Estuarine of three Rivers, Amalshid; Customs Ghat; Hill of Atgram

### বিয়ানীবাজার(১৯৮৩)
### Beani Bazar(1983)

**দর্শনীয় স্থান:** সুতারকান্দি স্থল বন্দর; মালিক মহল; ড. জিসি দেব স্মৃতিফলক

Sutarkandi Land Port; Malik Mahal; Memorail of Dr. GC Dev

### বালাগঞ্জ(১৯২২)
### Balaganj(1922)

**দর্শনীয় স্থান:** গায়েবী মসজিদ; গণকবর; মদন মোহন জিউর আশ্রম

Gayebi Masjid (Divine Mosque); Ganakabar (Memorial Graveyards of Genocides in 1971 Liberation War); Madan Mohan Jiur Ashram

### ওসমানীনগর (২০১৪)
### Osmaninagar(2014)

**দর্শনীয় স্থান:** শেরখাঁ (র.)-এর মাজার; কাদিপুর দিঘীরপাড়

Shrine of Sherkha (R.); Kadipur Dighirpar

### গোলাপগঞ্জ (১৯৮৩)
### Golapganj(1983)

**দর্শনীয় স্থান:** হাকালুকি হাওর; শ্রী চৈতন্যদেবের বাড়ি ও মন্দির; শাহনূর-এর মাজার; কৈলাশটিলা; ড্রিমল্যান্ড পার্ক; মোকামটিলা-দত্তরাইলের বড়পোতা; মদন মোহন জিউর ও মহাপ্রভুর আখড়া; জাহান শাহ মৌলার মাজার

Hakaluki Haor; Home and Temple of Shri Chaitanya Dev; Shrine of Shahnoor; Dreamland Park; Barapota of Mokamtila Dattarail; Akhra of Madan Mahan Jiur and Mahaprabhu; Shrine of Shah Moula

### বিশ্বনাথ (১৯৮৩)
### Bishwanath(1983)

**দর্শনীয় স্থান:** রামধানা শাহী ঈদগাহ; হযরত শাহ কালু ও হযরত শাহ চান্দ-এর মাজার; হাসন রাজার বাড়ি; গৌরগবিন্দ দিঘী

Ramdhana Shahi Eidgah; Shrine of Hazrat Shah Kalu and Hazrat Shah Chand; Hassan Raza's House; Gouragabinda Dighi

### ফেঞ্চুগঞ্জ (১৯৮০)
### Fenchuganj (1980)

**দর্শনীয় স্থান:** হাকালুকি হাওর; মুমিন ছড়া চা বাগান; মণিপুর চা বাগান; ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার ফ্যাক্টরি; শাহজাজাল সার কারখানা

Hakaluki Haor; Moomin Cherra Tea Garden; Monipur Tea Garden; Natural Gas Fertilizer Factory; Shahjalal Fertilizer Factory

### দৰিণ সুরমা (২০০৫)
### South Surma (2005)

**দর্শনীয় স্থান:** হযরত শাহ সুফি আরকুম আলী (র.)-এর মাজার; জালালপুর জমিদার বাড়ি; শাহ শেখ ফরিদ-এর মাজার ও পাঞ্জেগানা মসজিদ; চাপরা বিল

Shrine of Hazarat Shah Sufi Arkum Ali (R.); Jalalpur Jamidar Bari; Shrine of Shah Sekh Farid and Pangegana Mosque; Chapra Bill

একটি জেলার সংস্কৃতি, ঐতিহ্য, গৌরবকে দেশের আঙ্গিনা ডিঙ্গিয়ে বিশ্বের মানুষের কাছে পরিচিত করে তোলার উদ্যোগ মূলত জেলা-ব্র্যান্ডিং। ৬৪ জেলার মতো সিলেট জেলাকেও ব্র্যান্ডিং করা হচ্ছে।

সিলেটের ব্র্যান্ডিং ‘পর্যটন’। এই জেলার প্রচারণা হচ্ছে ‘প্রকৃতি কন্যা সিলেট’ বা 'the daughter of nature' নামে। হযরত শাহজালাল (র.) মাজার, হযরত শাহ পরাণ (র.) মাজার, জাফলং, বিছনাকন্দি, রাতারগুল, পান্থুমাই, লালাখাল, চা বাগান হল পর্যটন ব্র্যান্ডিং। অন্যদিকে পণ্য ব্র্যান্ডিং হল-শীতল পাটি, বেতের ফার্নিচার, মনিপুরী শাড়ি, মনিপুরী নাচ।

## জেলা ব্র্যান্ডিংয়ের উদ্দেশ্য

- জেলার অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতি সঞ্চার করা
- জেলার ইতিবাচক ভাবমূর্তি বিনির্মাণ
- পর্যটন শিল্পের বিকাশ
- জেলার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন
- স্থানীয় উদ্যোক্তা তৈরি
- অবকাঠামোগত উন্নয়ন
- টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে সহায়তা প্রদান

## ব্র্যান্ডিংয়ে সিলেটের গৃহিত পরিকল্পনা

- প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের উদ্যোগে জেলা ব্র্যান্ডবুক প্রণয়নের কাজ চলছে
- Sylhet Tourism নামে পর্যটন ভিত্তিক অ্যাপস খোলা হয়েছে
- সিলেটে পর্যটকদের জন্য গাইড প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে
- জেলার ওয়েবসাইটে বাংলা ও ইংরেজিতে পর্যটন নিয়ে তথ্য প্রকাশ চলমান
- পর্যটকদের সুবিধার জন্য পর্যটন এজেন্সিগুলোতে মনিটরিং চলমান
- ওয়েব পোর্টাল ও সোস্যাল মিডিয়ায় প্রচারণা চলমান





District Branding is to introduce the culture, tradition and heritage of a district to the world, spreading beyond the national boundary.

Like the other 64 districts, an initiative has been taken for branding sylhet. Tourism is the branding of sylhet. Sylhet has been named for campaign as the daughter of nature. The shrine of Hajrat Shahjalal (R), Hajrat Shah Poran (R), Jaflong, Bichnakandi, Ratargul, Panthumai, Lalakhal, Tea garden etc are tourism branding. On the other hand Shital Pati, cane furniture, Monipuri Sharee and dance are product branding for Sylhet.

## Purpose of Branding

- Increasing district economic growth rate.
- Enhancing district positive image.
- Differntiating a district easily from one another.
- Flourishing tourism industry.
- Cherishing history, tradition and culture.
- Encouraging local entrepreneur.
- Developing the infrastructural.
- Helping to assured sustainable development.

## Action Plan

- Publishing District Brand Book
- Tourism app has been developed named 'Sylhet Tourism' available in google play store.
- Guide training workshop arranged for tourist.
- Available tourism information on the web both in English and Bangla.
- Monitoring tourist agencies to develop tourism.
- Campaigning on web portal and social media.



# SYLHET

## *the daughter of nature*

ওপারে পাহাড়, এপারে নদী। পাহাড়ের বুক চিড়ে বয়ে চলছে ঝরনা আর নদীর বুকে স্তরে স্তরে সাজানো নানা রঙের নুড়ি পাথর। দূর থেকে তাকালে মনে হয় আকাশের গায়ে হেলান দিয়ে দাঁড়িয়ে আছে পাহাড়। পাহাড়ের গায়ে নরম তুলার মতো ভেসে বেড়াচ্ছে মেঘরাশি। নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্যের এক অপরূপ লীলাভূমি সিলেট। সিলেটের আনাচে কানাচে ছড়িয়ে ছিটিয়ে আছে প্রকৃতির রূপ-লাবণ্যের অপূর্ব সৌন্দর্যের ভান্ডার। এখানকার নৈসর্গিক প্রাকৃতিক শোভা অতি সহজে মুগ্ধ করে যে কাউকে। বর্ষা এলে এখানে দেখা যায় ওপারের পাহাড় থেকে নেমে আসা অগণিত ঝরনা। সবুজের বুকে নেমে আসা ঝরনাধারায় সূর্যের আলোর ঝিলিক ও পাহাড়ে ভেসে বেড়ানো মেঘমালা মন্ত্রমুগ্ধ করে রাখে পর্যটকদের। আবার শীতে হাজির হয় অন্য রূপে। চারদিকে তখন সবুজের সমারোহ, পাহাড় চূড়ায় গহীন অরণ্য। নদীর পানির নিচ থেকে ডুব দিয়ে হাজার হাজার শ্রমিকের পাথর উত্তোলনের দৃশ্যও মুগ্ধ করে পর্যটকদের। নদীর পানিতে নারী-পুরুষের এই 'ডুবোখেলা' দেখা যায় ভোর থেকে সন্ধ্যা অবধি। সমতল চা-বাগান, মনিপুরী, খাসিয়া প্রভৃতি ক্ষুদ্র নৃগোষ্ঠীর বৈচিত্র্যময় জীবন-সংস্কৃতি কী নেই এখানে। প্রকৃতি যেন নিজ হাতে সাজিয়েছে ভারতের সীমান্তঘেঁষা দেশের উত্তর-পূর্বাঞ্চলের এই জনপদকে। নদী-পাথর-পাহাড় জলপ্রপাত আর চা বাগানের অপূর্ব সমন্বয় সিলেটকে দিয়েছে "প্রকৃতি কন্যা" নামক সম্মান। সিলেটকে 'প্রকৃতি কন্যা' বা 'দ্য ডটার অব নেচার' নামকরণ তাই যথার্থ।

Hills are on one side, rivers are on the other side. The fountains flow to the mountains and various coloured pebbles stacked on the level of the river bed. Looking away from a distance, it looks like the hills are standing by reclining on the sky. The clouds are moving like soft cotton on the hill. Sylhet is a wonderful scenic beauty of fascinating nature. An unprecedented store of look-alike beauty is scattered here and there. The natural decoration of this region easily fascinates anyone. When rainy season comes, here are countless fountains dropped off the hill. The sunny shade of the sun over the fountain coming on the greenery and the floating clouds over the hills fascinates the tourists. It appears that another winter is coming with different shape again. The flow of greenery is around the mountains, the deep forest is on the top of the hill. The scene of thousands of workers' withdrawing stone diving to the bottom of the river's water attracts tourists. This 'diving game' of men and women in river water can be seen from dawn to dusk. What the diversity of the small ethnic groups like flat tea gardens, Manipuri, Khasia etc. and what not here. Nature has been arranged by itself in the northeastern country of India's border with this country's population. River-stone-hill, waterfall and a wonderful blend of tea gardens gave Sylhet the honor of the "Daughter of Nature". Sylhet is rightly named as 'Prokrity Kanya' or 'The Daughter of Nature'.



## এক নজরে সিলেট জেলা

| | | |
|---|---|---|
| সীমানা | : | উত্তরে ভারতের খাসিয়া, জৈন্তিয়া পাহাড় (ভারতের মেঘালয় রাজ্য), দক্ষিণে মৌলভীবাজার জেলা, পূর্বে ভারতের কাছাড় ও করিমগঞ্জ জেলা (ভারতের আসাম রাজ্য) ও পশ্চিমে সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলা |
| আয়তন | : | ৩,৪৫২.০৭ বর্গ কি.মি বা ১৩৩২.০০ বর্গমাইল |
| ভৌগলিক অবস্থান | : | ২৪০৩৬ -২৫০১১ উত্তর অক্ষাংশ হতে ৯১০৩৮ -৯২০৩০ পূর্ব দ্রাঘিমাংশ |
| জনসংখ্যা | : | ৩৫,৬৭,১৩৮ জন (২০১১) (পুরুষ ১৭,৯৩,৮৫৮ জন এবং মহিলা ১৭,৭৩,২৮০ জন) |
| জনসংখ্যার ঘনত্ব | : | ৯৯৫ জন প্রতি বর্গ কি.মি. (২০১১) |
| নৃ-গোষ্ঠী (মণিপুরি, পাত্র, খাসিয়া) | : | মোট ১৭,৩৬৩ জন (আদম শুমারী ২০০১) |
| উপজেলা | : | ১৩ টি |
| থানা | : | ১৭ টি |
| ইউনিয়ন | : | ১০৫ টি |
| পৌরসভা | : | ০৪ টি (গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ ও কানাইঘাট)। |
| শিক্ষার হার | : | ৫১.২% |
| বার্ষিক মোট বৃষ্টিপাত | : | ৩৩৩৪ মিমি. |
| সিলেটের প্রধান ও দীর্ঘতম নদী | : | সুরমা (৩৫০ কি.মি.) |
| সিলেটের হাওর-বিল | : | মোট ৮২টি |
| প্রধান কৃষিজ ফসল | : | ধান, সুপারী, আলু |
| খনিজ দ্রব্য | : | প্রধানত প্রাকৃতিক গ্যাস, খনিজ পাথর, বালি |

## At a Glance Sylhet District


| | | |
|---|---|---|
| Border | : | North Indian Khashia Jaintia hill ; South Moulvibazar district; East Indian Kachar and Karimganj district and West Sunamganj and Habiganj district. |
| Area | : | 3452.07 sq km or 1332.00 sq mile |
| Population | : | 35,67,138 (2011) [ Male : 17,93,858 ; Famale : 17,73,280] |
| Density | : | 995 per sq. km (2011) |
| Ethnic ( Monipuri; Patra; Khashia) | : | Total 17.363(2001) |
| Upazila | : | 13 |
| Thana | : | 17 |
| Union | : | 105 |
| Municipalities | : | 04 (Golapgonj, Beanibazar, Zokigonj and Kanaighat) |
| Education Rate | : | 51.2% |
| Annual rainfall | : | 3334 mm |
| Main and longest river | : | Surma (350 km) |
| Haor-bll | : | Total 82. |
| Agricultural Product | : | Peddy, Betal leaf and nuts , Potato. |
| Minaral | : | Gas, Stones, Sands |

# হযরত শাহজালাল (র.) এর মাজার

হযরত শাহজালাল (র.) ছিলেন উপমহাদেশের একজন বিখ্যাত সুফি দরবেশ। সিলেট অঞ্চলে তার মাধ্যমেই ইসলামের প্রচার ও প্রসার ঘটে। সিলেটের প্রথম মুসলমান গাজী বোরহান উদ্দিন (র.) এর ওপর রাজা গৌড়গোবিন্দের অত্যাচারের প্রেক্ষিতে হযরত শাহজালাল (র.) ও তাঁর সফরসঙ্গী ৩৬০ আউলিয়ার সিলেট আগমন ইতিহাসের একটি উল্লেখযোগ্য ঘটনা। এই কারণে সিলেটকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়। কেউ কেউ সিলেটকে পুণ্যভূমি অভিধায়ও অভিহিত করেন। হযরত শাহজালাল (র.) ১৩০৩ খ্রিষ্টাব্দে সিলেটে আগমন করেন।

**কিভাবে যাবেন :** সিলেট রেল স্টেশন বা কদমতলী বাস স্ট্যান্ডে নেমে ৮০-১০০ টাকা সিএনজি ভাড়ায় খুব সহজে মাজারে যাওয়া যায়।





# The Shrine of Hajrat Shahjalal (R.)

Hajrat Shahjalal (R.) was one of the famous sufi-saints of this sub-continent. He preached the light of 'Islam' in Sylhet. He came in Sylhet along with 360 companions hearing the torture on the first muslim Gaji Burhan Uddin (R.) by the then ruler, Gourgobindha. It was a noteworthy incident in the arrival history of Hajrat Shahjalal (R.). For that reason, Sylhet is called the city of 360-saints. Besides this, people call Sykhet the 'holy city'. Hajrat Shahjalal (R.) came in Sylhet in 1303 AD.

**How to go:** From the Bus Stand of Kadhomtoli or Sylhet Railway Station, one can go to the shrine very easily. The fare will be about Tk.80-100 by CNG.





# হযরত শাহ্ পরাণ (র.) এর মাজার

হযরত শাহ্পরাণ (র.) শায়িত আছেন সিলেটের খাদিমপাড়ায়। সিলেট শহরের প্রায় ৮ কি. মি. পূর্ব দিকে সিলেট-তামাবিল সড়ক থেকে প্রায় ০.৩ কি. মি. ভিতরে সু-উচ্চ ও মনোরম টিলায় অবস্থিত হযরত শাহ্পরাণ (র.)-এর মসজিদ ও দরগাহ্। মসজিদের পূর্ব দিকে রয়েছে সমাধিটি।

হযরত শাহ পরাণ (র.) এর পুর্ব পুরুষগণ মুলতঃ বোখারা শহরের অধিবাসী ছিলেন। কথিত আছে হযরত শাহ পরাণ (র.) ছিলেন হযরত শাহ জালাল (র.) এর ভাগ্নে। ১১ বছর বয়সে বাবাকে হারান হযরত শাহ পরান (র.)। হযরত শাহ জালাল(র.) যখন বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা করেন তিনিও মামার সঙ্গী হন। শাহ জালাল (র.) এর নির্দেশে শাহ পরাণ (র.) খাদিম নগর এলাকায় এসে ধর্ম প্রচার শুরু করেন।

**কিভাবে যাবেন :** সিলেট রেল স্টেশন বা কদমতলী বাস স্ট্যান্ড এ নেমে ১০০-১৫০ টাকা সিএনজি ভাড়ায় খুব সহজে মাজারে যাওয়া যায়।



# The Shrine of
# **Hajrat Shahporan (R.)**

The shrine of Hajrat Shahporan (R.) is situated at Khadimpara in Sylhet. The shrine and the mosque of Hajrat Shahporan (R .) are situated at the top of a beautiful hill which is only 8 km away (east) from Sylhet town and 1 km away from the Sylhet- Tamabil road. The shrine lies at the east of Mosque. The ancestors of Hajrat Shahporan (R.) were the inhabitants of Bokhara city of Afgansitan. It is said that, he is the nephew of Hajrat Shahjalal (R.). His father passed away when he was only 11 years old. When Hajrat Shahjalal (R.) came in Sylhet, Hajrat Shahporan (r.) was the companion of him. Under the direction of Hajrat Shahjalal (R.), he started preaching Islam in Khadimnaghar.

**How to go:** One can reach the shrine of Hajrat Shahporan (R.) by CNG auto rickkshaw. It will cost 100-150 taka.









# শাহী ঈদগাহ

দেশের প্রাচীনতম ঈদগাহ এটি। মনোমুগ্ধকর কারুকাজ ময় এই ঈদগাহটি মোগল ফৌজদার ফরহাদ খাঁ নির্মাণ করেন। এখানে এক সাথে প্রায় দেড় লাখ মুসল্লী ঈদের জামাত আদায় করতে পারেন। অনুপম কারুকাজ খচিত এই ঈদগাহের মূল ভূ-খণ্ডে ২২টি সিঁড়ি মাড়িয়ে উপরে উঠতে হয়। রয়েছে ১৫টি গম্বুজ। সীমানা প্রাচীরের চারদিকে রয়েছে-ছোট বড় ১০টি গেইট।

১৭৭২ সালে ইংরেজ বিরোধী ভারত-বাংলা জাতীয়তাবাদীর প্রথম আন্দোলন সৈয়দ হাদী ও মাদী কর্তৃক এই ঈদগাহ মাঠেই শুরু হয়েছিল। এই ঈদগাহের সাথে জড়িত আছে মহাত্মা গান্ধী, কায়দে আযম মুহাম্মদ আলী জিন্নাহ, মাওলানা মোহাম্মদ আলী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং শেরে বাংলা আবুল কাশেম ফজলুল হকের মতো নেতাদের নাম।

**কিভাবে যাবেন :** শহর হতে মাত্র ২ কিঃমিঃ দূরত্বে শাহী ঈদগাহ। বাস স্ট্যান্ড থেকে সিএনজি অটোরিকশাতে যেতে লাগবে ১০০-১৫০ টাকা।

# Shahi Eidgah

It is one of the oldest eidgah of Bangladesh. The Mughal Foujdar (magistrate or commander of the military force) Forhad Kha built it with a fascinating architecture. Here, about 1.5 lac Musallee (those who offer prayer) can offer the prayer of Eid together. There are 22 stares are to be climbed to reach the main part of this beautiful Eidga . There are 15 domes which enhanced the beauty of Eidgah. There are 10 gates around the border of Eidgah. The first India-Bangla Nationalism' movement was held against British regime in the field of Eidgah by Sayeed Hadi and Sayeed Madi in 1772 .

Mahatma Gandhi, Kayade Ajom Muhammad Ali Jinnah, Maulana M. Ali, Hossain Shohid Showrawardi and Sher E. Bangla Fajlul Haque came here .

**How to go:** It is only 2 km. away from town. It will be cost about Tk. 100-150 by CNG auto rickshaw.

# গাজী বোরহান উদ্দীন (র.) এর মাজার

গাজী বোরহান উদ্দীন (র.) এর মাজার সিলেট বিভাগের প্রথম মুসলমান সমাধী। গৌড় রাজ্যের অধিবাসী বোরহান উদ্দীন নিজ ছেলের জন্মদিনে গর জবাই করে গৌড়ের হিন্দু রাজা গৌড় গোবিন্দের কাছে অপরাধী সাব্যস্ত হন। এই কারণে, বোরহান উদ্দীনের শিশু ছেলেকে ধরে নিয়ে হত্যা করে গৌড় গোবিন্দ। বোরহান উদ্দীন বাংলার তৎকালীন রাজা শামস উদ্দীন ফিরোজ শাহের নিকট এই নিষ্ঠুর হত্যাকাণ্ডের অভিযোগ করেন। এর জের ধরেই এ অঞ্চলে আসেন হয়রত শাহজালাল (র.) সহ তার সফরসঙ্গী ৩৬০ আউলিয়া।

**কিভাবে যাবেন :** মাজারটি শহরের কাছে কুশিঘাট এলাকায় অবস্থিত। সিএনজি অটোরিকশায় যেতে লাগবে ১০০-১৫০ টাকা।







# The Shrine of Gaji Burhan Uddin (R.)

The shrine of Gaji Burhan Uddin is the first grave in Sylhet division among the muslims. He was accused of sacrificing a cow to Allah on the occasion of his son's birthday during the reign of the ruler Gourgobindha. For that reason, Gobindha, the then king; killed the child of Gaji Burhan Uddin (R.). Gaji Burhan Uddinin formed the matter to Shams Uddin Firuz, the then king of Bangla.Following the heinous killing, Hajrat Shahjalal (R.) came in Sylhet along with his 360 companions.

**How to go:** It is situated in Kushighat area in Sylhet city. It will cost Tk. 100-150 by CNG auto-rickshaw.

# চাষণী পীরের (র.) এর মাজার

কথিত আছে হযরত শাহজালাল (র.) যখন সিলেট আসেন, তার সফরসঙ্গী ছিলেন চাষণী পীর (র.)। চাষণী পীর (র.) এর কিছু পালিত বানর ছিল। সেই থেকে বানরের জন্য বিখ্যাত এই মাজার। কয়েক শ বানর আছে মাজারে। দর্শনাথীরা মাজারে জিয়ারতের পাশাপাশি বানরও দেখতে আসে এখানে।

**কিভাবে যাবেন :** মাজারটি অবস্থিত শহরের কলবাখনি রোডে। বাস স্ট্যান্ড থেকে সিএনজি অটোরিকশায় যেতে ১৫০-২০০ টাকা লাগবে।









# The Shrine of Chasni Pir (R.)

Chashni Pir was an aide to Hazrat Shah Jalal (RA) and he had pet monkeys. For this reason the shrine became famous. Moreover, hundreds of monkeys are the main attraction of this shrine. Visitors often provide food to monkeys as well as take picture with them.

**How to go :** The shrine is situated at Kolbakhani street. It will cost tk. 150-200 by CNG auto-rickshaw.






## নাগরী লিপি

সিলেটের স্বতন্ত্র সাংস্কৃতিক ঐতিহ্যের উজ্জ্বলতম দলিল নাগরী লিপি। গবেষক ও ভাষা বিজ্ঞানীদের কাছে এটি রীতিমতো বিস্ময়। এটি সিলেট অঞ্চলের একান্ড় নিজস্ব সম্পদ। নাগরীর অক্ষর মাত্র ৩২টি। যুক্ত বর্ণ সাধারণত ব্যবহার করা হয় না।  নাগরীতে রচিত পুঁথি পুস্ড়কের বিষয়বস্তু প্রধানত নামায, রোজা, হজ্ব, যাকাত, ইসলামী ইতিহাস, ঐতিহ্য, কাহিনী এবং রাগ, বাউল ও মরমী সঙ্গীত। এই পর্যন্ড় নাগরী হরফে মুদ্রিত ৮৮টি গ্রন্থসহ ১৪০টি গ্রন্থের সন্ধান পাওয়া গেছে।

নাগরী সাহিত্যে ছাদেক আলী সর্বাধিক জনপ্রিয় কবি। তাছাড়া মুন্সী ইরপান আলী, দৈখুরা মুন্সী, আব্দুল ওহাব চৌধুরী, আমান উল্যা, ওয়াজি উল্যা, শাহ হরমুজ আলী, হাজী ইয়াছিনসহ ৫৬ জন লেখকের পরিচিতি পাওয়া গেছে। গোলাম হুসনের লিখিত ‘তালিব হুসন’কে নাগরীলিপিতে রচিত প্রথম গ্রন্থ ধরা হয়।

ড.সুনীতি কুমার চট্টোপাধ্যায় মনে করেন, চতুর্দশ শতাব্দীকে নাগরী লিপির প্রচলন কাল। আবার কেউ কেউ মনে করেন, ষোড়শ শতাব্দীর শেষ দিকে মোঘলদের হাতে বিতারিত হয়ে সিলেটে আসা আফগান পাঠানদের হাতে এর সৃষ্টি।

বৃহত্তর সিলেট, কাছাড়, করিমগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ প্রভৃতি এলাকায় নাগরী লিপি ও সাহিত্যের প্রচার ও সমাদর ছিল। এখন নাগরীর চর্চা কম হলেও তা একেবারে হারিয়ে যায়নি

## Nagri Script

Nagri script is one of the most attractive documents of Sylhet’s cultural tradition. It is generally a surprise for researchers and language scientists. It is a special own property of Sylhet region. Nagri has got 32 alphabets. Compound alphabets are no generally used.

The subject-matter of books written in Nagri are mainly Namaz, Fasting, Hajj, Zakat, Islamic History, Tradition, Story and anger, Baul and Mystic music. Till now 88 books including 140 books printed in Nagri are obtained. Sadek Ali is the most popular poet in Nagri literature. Besides, 56 writers including Munshi Irpan Ali, Dhaikhura Munshi, Abdul Wahab Chowdhury, Aman Ullah, Wazi Ullah, Shah Hormuj Ali, Haji Yasin Ali are famous and ‘Talib Hussain’ written in Nagri by Gulam Hussain is considered the first book.

Dr. Suniti Kumar Chattrapadhyay assumes, 14th century is called the commencing time for Nagri Script. Nagri script and literature were extended and appreciated in greater Sylhet, Kasar, Karimgonj, Mymensing and Kishoregonj area.



# মণিপুরী শাড়ি

সিলেটের মণিপুরী সম্প্রদায়ের এক ঐতিহ্যের নাম 'মণিপুরী শাড়ি'। শাড়ির রঙ ও নকশাই বলে দেবে এটি মণিপুরী শাড়ি। এ শাড়ির মূল বৈশিষ্ট্য প্রতিটি শাড়ির পাড়ে, জমিনে, আঁচলে থাকবে মাইরাংগ (টেম্পল) বা মন্দিরের প্রতিকৃতি। মণিপুরী শাড়ি বরাবরই তৈরি হয় উজ্জ্বল রঙের সুতায়। সিলেটের আম্বরখানা, শিবগঞ্জের মণিপুরী পাড়া, কুশিঘাট, লামাবাজার, খাদিমপাড়া, বাগবাড়ি, মির্জাজাঙ্গাল, কোম্পানিগঞ্জ ও গোয়াইনঘাট এলাকায় তৈরি হয় এই শাড়ি।



# Monipuri Sharee

Monipuri Sharee is a traditional work of Sylhet Monipuri Communities. No need to describe, the color and design says it is Monipuri Sharee. The main feature of this sharee is its weaving and texture. The design of Mairang or tample is common in fringe of a Monipuri Sharee. It is colorful and cheery apparel that captures the essence of beauty and allure of a woman. This Sharee produce in Ambarkhana, Khushighat, Lamabazar, Khadimpara, Bagbari, Mirzazangal, Companyganj and Gowainghat.





# সিলেটের ঐতিহ্য ‘বেত শিল্প’

ঐতিহ্যবাহী বেতশিল্পের জন্য বিখ্যাত সিলেটের ঘাসিটুলার ‘বেতপল্লী’। দেশের বেতের তৈরি আসবাবপত্রের সিংহভাগই যোগান দেয় সিলেটের বেত শিল্প। এই বেতপল্লীতে প্রায় পাঁচ হাজার মানুষ বেতপণ্য তৈরি করে। প্রচলিত আছে, বেত শিল্পকে বাঁচাতে ঘাসিটুলার ছেলেমেয়েদেরকে অন্য গ্রামে বিয়ে দেওয়া হতো না। সিলেটের বনাঞ্চলে খুব ভালো মানের বেত উৎপাদিত হওয়ায় বেত শিল্পের সম্ভাবনা উজ্জ্বল। সিলেটে ১৮৮৫ সালে প্রথম বেত দিয়ে আসবাবপত্র বানানো শুরু হয়। এখন সিলেটে প্রায় ৫০ প্রকারের বেত জাতীয় পণ্য তৈরি হয়।

# Cane Art
## A Tradition of Sylhet

Ghashitula's "Cane region" of Sylhet is famous for traditional cane art. Cane furniture of country's major part is supplied from Sylhet. About five thousand people knit cane product in this cane region. In common, Ghashitula's boys and girls would have not got married in another village in order save cane art. Due to the production of very good quality based cane in jungles of Sylhet, the possibility of cane art is bright. In 1885, at first furniture made of cane was started in Sylhet. Now in Sylhet about 50 types of cane products are manufactured.





# সম্রাট আওরঙ্গজেব থেকে ইউনেস্কোর স্বীকৃতিতে 'শীতলপাটি'

মোঘল সম্রাট আওরঙ্গজেবকে সিলেটের ঐতিহ্যবাহী রুপালি বেতের বোনা শীতল পাটি উপঢৌকন পাঠিয়েছিলেন মুর্শিদ কুলি খাঁ। ব্রিটিশ রানি ভিক্টোরিয়ার রাজদরবারেও পৌঁছেছিল এই পাটি। সিলেটের শীতলপাটির আভিজাত্যের মুকুটে আরেকটি পালক গুঁজে দিল জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো)। সুক্ষ্ম বুনন আর দৃষ্টিনন্দন নকশার কারণে শীতলপাটিকে ইউনেস্কো নির্বস্তক সাংস্কৃতিক ঐতিহ্য-২০১৭ (দ্য ইনটেনজিবল কালচারাল হেরিটেজ অব হিউমানিটি) হিসেবে স্বীকৃতি দিয়েছে।

শীতলপাটির জন্য বিখ্যাত সিলেটের বালাগঞ্জ, বিশ্বনাথ, ওসমানীনগর, গোয়াইনঘাট। মূলত 'মূর্তা বেত' দিয়ে তৈরি করা হয় শীতল পাটি। কারু কাজভেদে শীতলপাটির রয়েছে আকর্ষণীয় নাম, যেমন-পয়সা, সিকি, শাপলা, সোনামুড়ি, টিক্কা, লালগালিচা, আধুলি, মিহি, নয়নতারা ইত্যাদি।



# 'Shitalpati' (Cool Plate)

## Acknowledged by UNESCO from The Emperor Aurangzeb

Murshid Quli Khan sent the traditional silver cane knitted Shitalpati of Sylhet as a gift to Mughal Emperor Aurangzeb. This pati also reached to the British Queen of Victoria. Sylhet's Shitalpati crowned by nobility is another feather in the United Nations, Education, Science and Culture Organization (UNESCO). Due to the fine knitting and eye-catching design, UNESCO recognized "Shitalpati" as The intangible Cultural Heritage of Humanity-2017.

Balaganj, Bishwanath,Osmaninagar and Gowainghat of Sylhet are famous for "ShitalPati". Actually, Shitalpati is made of Statue rattan. According to design, Shitalpati has got different interesting names like, Poisha, Shapla, Sunamuri, Tikka, Lalgalicha, Aduli, Mihi, Nayantara etc.

# ক্বীনব্রিজ

ক্বীন ব্রিজকে সিলেটের প্রবেশদ্বার বলা হয়। সুরমা নদীর ওপর স্থির দাঁড়িয়ে থাকা এই ব্রিজ পথচারীদের জানান দেয় যুগ যুগান্তরের নানা রঙের ইতিহাস। এই ক্বীন ব্রিজ তৈরি করা হয় ১৯৩৩ সালে। ১৯৩৬ সালে ব্রিজটি আনুষ্ঠানিকভাবে খুলে দেওয়া হয়। ব্রিজের নামকরণ করা হয় আসামের তৎকালীন গভর্ণর মাইকেল ক্বীনের নামে। ক্বীন একবার সিলেটে সফরে আসেন। তার স্মৃতিকে অম্লান করে রাখতেই তার নামে এ ব্রিজের নামকরণ করা হয়। ব্রিজটি লোহা দিয়ে তৈরি। দেখতে ধনুকের ছিলার মত বাঁকানো। ব্রিজের দৈর্ঘ্য ১১৫০ ফুট। প্রস্থ ১৮ ফুট। ব্রীজটি তৈরী করতে তখনকার দিনে ৫৬ লাখ টাকা খরচ হয়েছিল। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্থানী হানাদার বাহিনী ডিনামাইট দিয়ে ব্রিজের একটি অংশ উড়িয়ে দেয়। স্বাধীনতার পর কাঠ ও বেইলি পার্টস দিয়ে বিধ্বস্ত  অংশটি মেরামত করা হয়।





# Keane Bridge

Keane Bridge is called the gateway of Sylhet town. Standing on the river Surma, the bridge is reflecting the colourful history of time immemorial to the pedestrians. It built 1933 and officially opened in 1936. The bridge was named after the then Governor of Assam, Sir Michael Keane. Once, Keane came to a tour in Sylhet. To make his trip memorable, the bridge was named Keane Bridge. It is an iron made bridge and bend to look like a bow. The length of the bridge is 1150 feet and the width is 18 feet. At that time about 56 lakh taka was spent to build the bridge. During the great liberation war in 1971, the Pakistani Army blew off the bridge and damaged partly by dynamite. After independence, the crumbled part of the bridge was repaired with wood and baily parts.

# আলী আমজাদের ঘড়ি


আলী আমজাদের ঘড়ি ঊনবিংশ শতকের একটি স্থাপনা। এই ঘড়ি সুরমা নদীর তীরে ক্বীন ব্রিজের পাশেই। ঘড়ির ডায়ামিটার আড়াই ফুট এবং কাঁটা দুই ফুট লম্বা। ১৮৭৪ সালে সিলেটের কুলাউড়ার পৃথ্বিমপাশার শিয়া জমিদার আলী আমজদ খান ঘড়িটি স্থাপন করেন। লোহার খুঁটির উপর ঢেউটিন দিয়ে সুউচ্চ গম্বুজ আকৃতির স্থাপত্যশৈলীর ঘড়ি ঘরটি তখন থেকেই আলী আমজদের ঘড়ি নামে পরিচিত। মহান মুক্তিযুদ্ধের সময় হানাদার বাহিনীর গোলার আঘাতে প্রাচীন এই ঘড়িটি বিধ্বস্ত হয়। স্বাধীনতার পর এটি মেরামত হলেও কিছুদিন পর বন্ধ হয়ে যায়। দীর্ঘদিন বন্ধ থাকার পর ১৯৮৭ সালে এটি আবার চালু করা হয়।

| | |
|---|---|
| দৈর্ঘ্য | : ৯ ফুট ৮ ইঞ্চি |
| প্রস্থ | : ৮ ফুট ১০ ইঞ্চি |
| নীচ থেকে ছাদ পর্যন্ত উচ্চতা | : ১৩ ফুট |
| ছাদ থেকে ঘড়ি অংশের উচ্চতা | : ৭ ফুট |
| ঘড়ির উপরের অংশের উচ্চতা | : ৬ ফুট |
| মোট উচ্চতা | : ২৬ ফুট |

# Ali Amzad's Clock Tower

Ali Amzad's Clock Tower is a structure of nineteen century. It is the oldest clock tower located on the bank of Surma River in Sylhet. It is known as "the Big Ben of Sylhet" and is a popular attraction of Sylhet near the Keane Bridge. The diameter of the clock is 2.5 feet and the length of the clock's hand is 2 feet. Ali Amzad Khan, the landlord of former Prithim-passa estate, set the clock in 1874. The high dome-shaped and tin-made architectural clock tower was set on the iron made pillars and since then it was known as Ali Amzad's clock tower. The clock was destroyed by the bullets of Pakistani army at the time of liberation war. After independence, it was repaired but became out of service after a few days. After a long time, it was re-launched in 1987.

| | | |
|---|---|---|
| Length | : | 9 feet 8 inches. |
| Width | : | 8 feet 10 inches. |
| Height from base to ceiling | : | 13 feet. |
| Height of the upper part of the clock | | : 6 feet. |
| Tot al heigh | : | 26 feet |





## মালনীছড়া চাবাগান

সিলেটের মালনীছড়া চা বাগান থেকেই উপমহাদেশে চা চাষের গোড়াপত্তন। ইংরেজ ব্যবসায়ী হার্ডসনের হাত ধরে ১৮৪৯ সালে ১৫শ একর জায়গা জুড়ে প্রতিষ্ঠিত হয় এ চাবাগান। এরপর দেড় শতাব্দীর মালনীছড়া বহু ইংরেজ, পাকিস্থানি ও বাংলাদেশি ব্যবস্থাপকের হাত ঘুরে ১৯৮৮ সাল থেকে এখনও ব্যক্তিগত মালিকানায় রয়েছে। সিলেট শহরের খুব কাছেই সবুজ ঘেরা অনিন্দ্য সুন্দর এই চা বাগানটি। উঁচু-নিচু টিলার পর টিলায় ভরা চা বাগানটি। চাবাগান ছাড়াও আছে কারখানা, রাবার বাগান আর ঘন জঙ্গল।

**কিভাবে যাবেন :** জিন্দাবাজার পয়েন্ট হতে গাড়ীতে মাত্র ১৫ মিনিটের পথ। সিলেট শহর থেকে রিকশা অথবা সিএনজি চালিত অটোরিকশা বা গাড়িতে করে বিমানবন্দরের দিকে গেলে চাবাগানটি পাওয়া যাবে। গাড়ী ভাড়া ২০০-৩০০ টাকা।

## Malnichera Tea garden

Tea cultivation was started in this subcontinent with this tea garden. It was established in 1849 on 1500 acres land by British businessman Hardson. Afterwards it has been handed over several times from British to Pakistani, Pakistani to Bangladeshi and finally in 1988 it has come under private ownership and still now it has. This tea garden is filled with numerous hillock of different size. It has several thresholds.

**How to go :** It takes only 15 minutes by any vehicles from zindabazar, Sylhet to Malnichera. It will cost Tk. 200-300.

# লাক্কাতুরা চা বাগান

মালনীছড়ার রাস্তার ওপাশেই মনোরোম আরেকটি চা বাগানের নাম লাক্কাতুরা। শ্রেষ্ঠত্বের দিক থেকে লাক্কাতুরা চা বাগানটি কখনো কখনো মালনীছড়া চা বাগানকে ছাড়িয়ে গেছে। এটি ন্যাশনাল টি বোর্ডের অধীনে একটি সরকারি চা বাগান। প্রায় ৩২শ একর জমির ওপর অবস্থিত এই চা বাগানটি।

**কিভাবে যাবেন :** জিন্দাবাজার পয়েন্ট হতে গাড়ীতে বিমানবন্দরের দিকে মাত্র ১৫ মিনিটের পথ গেলে চাবাগানটি। গাড়ী ভাড়া ২০০-৩০০ টাকা।

# Lakkatura tea garden

There is another tea garden by the opposite side of Malonichara tea garden which is known as Lakkatura tea garden. With respect to goodness sometimes this tea garden transcends Malanichara. It is directly authorized by the national tea board of Bangladesh. It has occupied a land of 32 acres.

**How to go :** It takes only 15 minutes by any vehicles from the centre of Sylhet city Zindabazar. It will cost Tk. 200-300.





# মণিপুরী রাজবাড়ি

সিলেটের মির্জাজাঙ্গালে অবস্থিত মণিপুরী রাজবাড়ি প্রাচীন স্থাপত্য কীর্তির অন্যতম নিদর্শন। রাজবাড়ির নির্মাণ শৈলী এ অঞ্চলের কৃষ্টি-সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। রাজা গম্ভীর সিংয়ের স্মৃতিধন্য এই বাড়িটি বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ ও রক্ষণাবেক্ষণের অভাবে স্বকীয়তা হারালেও আকর্ষণ হারায়নি। বাড়ির প্রধান ফটক, সীমানা দেয়াল, মনোহর কারুকাজের সিড়ি ও বালাখানার ধ্বংসাবশেষ বর্তমান মনীপুরী রাজবাড়ির স্মৃতিসম্বল। উনবিংশ শতাব্দীতে এই রাজবাড়িটি তৈরি হয়। ১৮১৯-১৮২৬ সাল মণিপুরীদের কালো অধ্যায়। ১৮২২ সালে মণিপুরী রাজ্যের সাথে বার্মার যুদ্ধ হয়। এই যুদ্ধে রাজ্যের এক তৃতীয়াংশ লোক মারা যায়। যুদ্ধের পর তৎকালীন বৃটিশ উপনিবেশ শাসকদের আশ্রয়ে সিলেটেই তারা বসতি স্থাপন করেন।

# Monipuri Rajbari

Monipuri Rajbari is one of the most ancient architecture situated in Mirjajangle, Sylhet. Rajbari's architectural design of construction is a part and parcel of this area's culture creation. Though the reminiscent house of Raja Gombir Sing and it's intransigence lacks due to natural disaster and preservation, the attraction is not lost yet. Main gate of the house, boundary wall, stairs of architectural design, old relics of house are present assets of memory. This house was established in 19th century. 1819-1826 was the black chapter of Monipuri. In 1822, a war between Monipuri and Myanmar was held. One third population was died in the war. After the war with the shelter of the then British Colonel ruler, they set up their settlement in Sylhet.




# জৈন্তিয়া রাজবাড়ি

ভারতবর্ষের বেশিরভাগ এলাকা যখন মোগল সাম্রাজ্যভূক্ত ছিল তখনও জৈন্তিয়াপুর রাজ্যে ছিল স্বতন্ত্র শাসন। শতবর্ষের ঐতিহ্য বুকে ধারন করে আজও দাড়িয়ে আছে ঐতিহাসিক জৈন্তিয়া রাজবাড়ি। ১৫০০-১৮৩৫ সাল পর্যন্ত ২৩ জন খাসিয়া রাজা জৈয়িন্তা শাসন করেন। একসময় সিলেট অঞ্চলের বেশিরভাগ এলাকা জৈয়িন্তা রাজ্যের অধীনে ছিল।

১৮৩৫ সালের ১৬ মার্চ, হ্যারি সাহেব নামক ইংরেজ চুনাপাথর ব্যবসায়ী জৈয়িন্তার রাজধানী নিজপাট শহরে এসে রাজা রাজেন্দ্র সিংহকে কূট-কৌশলে বিনাযুদ্ধে বন্দি করেন। জৈন্তিয়া রাজ্যের স্বাধীনতার সূর্য অস্তমিত হয়। সেসময় বহু মূল্যবান সম্পদ লুট করে নিয়ে যায় ইংরেজেরা। তবে, রাজবাড়ি, জৈন্তিয়া রাজ্যের নানান স্থাপনা, মেঘাতিলক, কালা পাথর ও বিজয় সিংহ মহারাজার স্মৃতি মন্দিরসহ রাজ্যের পুরাতন নিদর্শনগুলো এখনও আছে।









# Jaintia Rajbari

When maximum areas of Indian subcontinent were under Mughal Empire, still then Jainta Kingdom had independent regime. Keeping the tradition of 100 years on its surface, still today historical Jaintia Rajbari exists. 23 Khasia king ruled Jaintia from 1500 to 1835. Once, maximum areas of Sylhet region were under Jaintia Kingdom.

On 16 March, 1835, Mr. Harry, British limestone businessman coming to Janitia capital- Nijpat city, imprisoned Raja Rajendra Singh in a diplomatic policy without any war. The sun of freedom was set out. At that time the British left looting many valuable assets. But still there are Rajbari, many installations of Jaintia Kingdom, Megathilak, Black stones and temple memorium of Bijoy Singh Moharaja including ancient patterns.



# জাফলং

প্রকৃতি কন্যা হিসাবে সারাদেশে এক নামে পরিচিত সিলেটের জাফলং। খাসিয়া জৈন্তা পাহাড়ের পাদদেশে অবস্থিত জাফলং প্রাকৃতিক সৌন্দর্যের অপরুপ লীলাভূমি। পিয়াইন নদীর তীরে স্তরে স্তরে বিছানো পাথরের স্তূপ জাফলংকে করেছে আকর্ষণীয়। সীমান্তের ওপারে ভারতের পাহাড় টিলা, ডাউকি পাহাড় থেকে অবিরামধারায় প্রবাহমান জলপ্রপাত, ঝুলন্ত ডাউকি ব্রিজ, পিয়াইন নদীর স্বচ্ছ হিমেল পানি, উঁচু পাহাড়ে গহিন অরণ্য ও শুনশান নিরবতার কারণে এলাকাটি পর্যটকদের দারুণভাবে মোহাবিষ্ট করে।

**কিভাবে যাবেন :** গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত জাফলং। সিলেট হতে সড়ক পথে দুরুত্ব মাত্র ৫৬ কিলোমিটার। বাস, মাইক্রোবাস কিংবা সিএনজি চালিত অটোরিক্সায় যেতে সময় লাগবে দেড় ঘন্টা। জনপ্রতি বাসভাড়া পড়বে ৮০ টাকা। যাওয়া-আসার জন্য মাইক্রোবাসের ভাড়া পড়বে ৩ হাজার থেকে সাড়ে ৩ হাজার টাকা।

**কোথায় থাকবেন :** জেলা পরিষদের মালিকানাধীন নলজুরি রিসোর্ট নামে একটি সুন্দর রিসোর্ট আছে।



The natural beauty of Jaflong in rainy season



Khasia village in Jaflong area at a glance





# Jaflong

Jaflong is a well-known place to the people of Bangladesh as a darling child of nature which is situated at Sylhet. It is situated at the foot of Khasia-Jaintia hill which has an outstanding natural beauty. The heap of stones decorated in the bank of Piyain river added much attraction to Jaflong. The tourists are infatuated to Jaflong because of hill tracks of India, incessant waterfall from Dwauki hill, swinging bridge of  Dwauki, transparent and coldish water of Piyain river, dense forest of high hill and pin drop silence.

**How to go:** Jaflong is situated at the Guwainghat Upazilla of Sylhet. It is 56 km away from Sylhet town by route. It will take half and hour by Micro-bus or CNG (auto-rickshaw) to reach Jaflong. About 80 taka will do for per head as fare by bus. Moreover, about three thousands –four thousands taka will do only to go and back by Micro-bus.

**Where to stay:** There is beautifull Govt. resort owned by Zila parishad named as Noljuri Resort.



# খাসিয়াপুঞ্জি

জাফলংয়ের সৌন্দর্যকে আরো বাড়িয়ে দিয়েছে খাসিয়াপুঞ্জি। ডাউকি বা জাফলং নদীর কিনারা বেয়ে একটু হাঁটলেই পাহাড়ের গায়ে দেখা যাবে ছোট ছোট ঘরবাড়ি। খাসিয়াদের এই এলাকা খাসিয়াপুঞ্জি নামে পরিচিত। খাসিয়াদের গ্রামকে বলা হয় পুঞ্জি। খাসিয়া প্রধানকে বলা হয় পুঞ্জিপ্রধান। মাতৃতান্ত্রিক খাসিয়া আদিবাসীরা এখানে বসবাস করছে শতাব্দির পর শতাব্দি ধরে। খাসিয়াদের ঘরবাড়িও তৈরি করা হয়েছে সনাতন পদ্ধতিতে। তিন চার ফুট উঁচুতে বাঁশের মাচা দিয়ে তৈরি এসব বাড়ি। এখানে জীবিকার অন্যতম মাধ্যম পানচাষ। অনেকে আবার সুপারির চাষও করে। পানের বরজ ছাড়াও খাসিয়াপুঞ্জিতে আছে কমলাবাগান।

**কিভাবে যাবেন :** জাফলং নদীর পাশেই খাসিয়া পুঞ্জি। তাই জাফলং গেলেই ঘুরে আসা যাবে খাসিয়া পুঞ্জিতে।



# Khasiya Punji

Khasia Punji has enhanced the beauty of Jaflong more specifically. Having been preceded few steps, huts and cottage will be visible. This region is known as Khasiapunji. The village of Khasia is known as Khasiapunji. The chief of Khasia is known as “Punjoprdhan”. Matrilineal aborigines Khasia community have been living here for centuries. Their home and houses are also made as ancient way. They make Bamboo Scaffolding three to four feet above the ground. They cultivate betel leaf as well as betel nut for their livelihood. Besides the bundle of betel leaf there is also orange garden.

**How to go :** Khasia Punji is near to Jaflong. So one can go in Khasia Punji when he visit Jaflong.

# সিলেটের ক্ষুদ্র নৃগোষ্ঠি

সিলেটের পাহাড় ও সমতলের অরণ্যকে উপজীব্য করে এখানকার জল-কাঁদার সঙ্গে একাত্ম হয়ে বংশ পরম্পরায় বাস করছে সিলেটের আদিবাসী ও ক্ষুদ্র জাতিসত্ত্বার জনগোষ্ঠী।

# The ethnic groups of Sylhet

Sylheti indigenous people and minor ethnic groups have been living together sheltering the plain and hilly lands in a cluster of clans and same climatic conditions of Sylhet.






## খাসিয়া

সিলেটের জাফলং এলাকায় বাস করে খাসিয়ারা। কমলা, তেজপাতা জুম চাষ, পান চাষ তাদের প্রধান পেশা। এরা খ্রিস্টান ধর্মাবলম্বী।

## মণিপুরী

মণিপুরী সম্প্রদায়ের কিছু মানুষ বাস করে সিলেট সদরে। এই আদিবাসীর প্রধান পেশা কৃষি কাজ, তাঁত। মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানা মণিপুরীদের সর্ববৃহৎ আবাসভূমি হলো অনেক মণিপুরীর বাস সিলেটেও আছে। মণিপুরী নাচ সিলেটের ঐতিহ্য।

## পাত্র

সিলেট জেলার সদর, গোয়াইনঘাট, জৈন্তাপুর ও কোম্পানীগঞ্জে পাত্র সম্প্রদায়ের বসবাস। তাদের প্রধান পেশা কৃষিকাজ, আবার কেউ কেউ কাঠ কয়লা বিক্রি করে থাকে। পাত্ররা সনাতন ধর্মাবলম্বী। সিলেটের প্রকৃত ভূমিসন্তান পাত্র সম্প্রদায়।

## ওঁরাও

সিলেটের শমসেরনগর, জাফলং, চাঁদবাগ, শিলুয়া এবং হোসনাবাদে অল্প কিছু পরিবার ওঁরাও বাস করে। এরা সূর্য ও চন্দ্রের পূজা করে। তাদের প্রধান দেবতা ধরমেশ। হাড়িয়া তাদের প্রিয় পানীয়।

## মুন্ডা

সিলেটের মুন্ডারা আলীনগর, শমসেরনগর, নারায়ণছড়া সহ বেশ কিছু গ্রামে বাস করে। সিলেটে এদের সংখ্যা কয়েক হাজার। মুন্ডাদের প্রধান জীবিকা হচ্ছে কৃষিকাজ। তারা পরজন্মে বিশ্বাসী এবং পূর্বপুরুদের আত্মাকে পূজা করে। মুন্ডাদের প্রধান ধর্মীয় উৎসব সহরাই।

## The Khasia

The Khasia is one of the major matriarchal tribes in Bangladesh. Growing bananas, pineapples, oranges, cassia leaf (ordinal), black pepper and pan (betel leaf) are the main profession of Khasias. Most of the Khasias are Christians.

## The Manipuri

The Manipuries are one of the major ethnic communities of Bangladesh. They live in Sylhet. The main occupation of the indigenous people is agriculture and weaving. Manipuri dance is one of the cultural heritages of Sylhet.

## The Patra

The Patra community lives in Sylhet Sadar, Gowainghat, Jaintiapur and Componiganj of Sylhet district. Farming is their main occupation but some other Patras sell charcoal. The Patras are the followers of Hinduism. Patras are the real land children of Sylhet.

## The Oraons

Some Oraon families also live in Samshernagar, Jafflong, Chandbagh, Shilua and Husnabad areas of Sylhet. They worship different natural objects like sun and moon. “Harai” is their favourite drink.

## The Munda

Some of the Munda families live in some villages including Alinagar, Shamshernagar, Narayanchora of Sylhet Division. Several thousands of Mundas are living in Sylhet. Farming is the main occupation of Mundas. They believe on rebirth or the posterity and they worship their ancestors’ departed souls. “Shaharai” is the main religious festival of Mundas.




# টিলাগড় ইকোপার্ক



দেশের তৃতীয় ইকোপার্ক সিলেটের টিলাগড় ইকোপার্ক। এই ইকো পার্কটির চারিদিকে গাছ-গাছালি, পাখির কূজন। ছোট-বড় টিলার ফাঁক দিয়ে বয়ে গেছে একটি ছড়া। ছড়ার ছল ছল শব্দ সাথে শিয়াল, বানর, খরগোশ, বনমোরগ, হনুমান আর ময়না, টিয়া, ঘুঘু, হরিডাস, সাত ভাই চম্পা পাখির কলকাকলি। আছে নানান জাতের গাছ।

টিলাগড় রিজার্ভ ফরেস্টের ১১২ একর জায়গা জুড়ে এই ইকো পার্ক গঠন করা হয় ২০০৬ সালে। পার্কটি প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনে এবং জায়গাটি বনবিভাগের অধীনে।

**কিভাবে যাবেন :** সিলেট থেকে সিএনজি বা অটো যোগে সহজে যাওয়া যায় টিলাগড় ইকোপার্কে।





# Tilaghor Eco-Park

It is the third eco-park of our country which is surrounded by green shadow of different kind of trees as well as thrilled by the twittering of  birds of different species. A number of canals have been flown amid the hillock size of small and large.

It was established in 2006, in an area of 112 acres land at Tilagor reserve forest in Sylhet. It is being authorized by livestock ministry and the land is owned by forest department.


**How to go:** One can travel by any vehicles like Rickshaw, CNG auto-rickshaw, Motorbike etc. from Sylhet city.

# বৈচিত্র্যময় খাদিমনগর জাতীয় উদ্যান

এটি গোয়াইনঘাট উপজেলার ফতেহপুর ইউনিয়নে অবস্থিত। ২০০৬ সালে খাদিমনগরকে জাতীয় উদ্যান হিসেবে ঘোষণা করা হয়। ৬টি চা বাগান পরিবেষ্টিত উঁচু নিচু পাহাড়ী এলাকা বিশিষ্ট খাদিমনগর জাতীয় উদ্যানের আয়তন ১ হাজার ৬৭৬ দশমিক ৭৩ একর। জীববৈচিত্র্যে ভরপুর খাদিমনগর জাতীয় উদ্যানে প্রায় ২১৭ প্রজাতির গাছ এবং ৮৩ প্রজাতির প্রাণি রয়েছে।

**কিভাবে যাবেন :** সিলেট থেকে জায়লংয়ে যাওয়ার যেকোন বাস ধরে যাওয়া যায়। অটোরিকশা বা সিএনজিচালিত অটোরিক্সা ভাড়া করেও যাওয়া যায়।





# Diversification of the National Parkland of **Khadimnagor**



It is situated Fatehpur Union under Guwainghat Upozella. Government announced it as the National Parkland in 2006. Surrounded by 6 tea gardens, including hilly tracks and its area is 1676.73 acres. About 217 species of different tress and 83 kinds of animals are available in this forest.

**How to go:** One can take bus for kadimnagor which is on the way to Jaflong from Sylhet town. Moreover, you can hire a CNG (vehicle) or auto-riksha to reach there.





# রাতারগুল

বাংলার আমাজন নামে পরিচিত গোয়াইনঘাটের রাতারগুল। যা দেশের একমাত্র 'ফ্রেশওয়াটার সোয়াম্প ফরেস্ট' বা জলাবন। বনটির উত্তরে রয়েছে মেঘালয় থেকে নেমে আসা স্রোতস্বিনী গোয়াইন নদী, আর দক্ষিণে বিশাল হাওর। মাঝখানে 'জলাবন' রাতারগুল। সারা পৃথিবীতে স্বাদুপানির জলাবন আছে মাত্র ২২ টি। স্থানীয় ভাষায় মুর্তা বা পাটিগাছ বা রাতাগাছের নামানুসারে এই বনের নাম হয়েছে রাতারগুল। আমাজনের মতোই গাছগাছালির বেশির ভাগ অংশই বছরে ৪ থেকে ৭ মাস থাকে পানির নিচে। বনের আয়তন ৩ হাজার ৩২৫ দশমিক ৬১ একর, আর এর মধ্যে ৫০৪ একর বনকে ১৯৭৩ সালে বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে ঘোষণা করা হয়।

**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে এর দূরত্ব ২৬ কিলোমিটার। সিলেটের আম্বরখানা থেকে একটা সিএনজিচালিত অটোরিক্সা রিজার্ভ করে মোটর ঘাট (শ্রিংগি ব্রিজ) যেতে লাগবে ৫০০-৬০০ টাকা। ব্রিজ থেকে ছোট ডিঙি নৌকা ভাড়া করতে হবে। ভাড়া নিবে সাড়ে ৩০০-৬০০ টাকা। বিট অফিস এর অফিসারকে জানিয়ে প্রবেশ করবেন বনের নিঃশব্দে।











# Ratargul

Ratargul of Gowainghat, is also known as the Amazon of Bangladesh. It is the only fresh water swamp forest or 'joloban' of the country. It is surrounded by the river Gowain in the north; and a vast 'haor' in the south. The name 'Ratargul' came from a local plant's name 'rata' or 'murta'. The major parts of the plants are submerged under water around 4 to 7 months in a year like Amazon. The forest covers 3325.61 acres, 504 acres of it was declared as 'Reserved Area' for wild animals in 1973. Till now, 73 species of plants are discovered here.

**How to go:** It is 26 km from Sylhet City. One can reach Ratargul by CNG auto-rickshaw from Amberkhana point which will cost Tk. 500-600. Small boat can be hired from Shringi bridge to enter into the deep forest. It will cost another Tk. 300-600.




# তামাবিল স্থলবন্দর

সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত বাংলাদেশ-ভারত সীমান্ত এলাকা তামাবিল। সিলেট শহর থেকে ৬২ কিলোমিটার উত্তর-পূর্বে এর অবস্থান। জাফলং যাওয়ার পথে পড়বে তামাবিল। সীমান্তবর্তী এলাকা হওয়ায় এখান থেকে সরাসরি ভারতের পাহাড়-পর্বত, ঝর্ণা আর জলপ্রপাত দেখা যায়। তামাবিলের ওপারে ভারতের মেঘালয় রাজ্য। ভারত থেকে বাংলাদেশে কয়লা আসে এই স্থলবন্দর দিয়ে।

**কিভাবে যাবেন :** সিলেট শহরের কদমতলী বাসস্ট্যান্ড থেকে জাফলং এর বাসে করে যেতে হবে।




# Tamabil Landport

Tamabil is situated in Bangladesh-India border area under Gowainghat Upazila in Sylhet District. It is 62km away from Sylhet city in its north-eastern part. On the way to Jaflong, Tamabil landport is in Sylhet-Jaflong road. As it is a border area, Indian hills, mountains, fountains and cascades are seen form here. India's Meghalaya is situated on the other side of Tamabil. Coal is imported from India to Bangladesh though this landport.

**How to go :** You can go there from Kadamtoli Bus stand of Sylhet city by bus.









# পান্তুমাই

বাংলাদেশ-ভারত সীমান্তে মেঘালয়ের কোলে এক অসম্ভব সুন্দর গ্রাম পান্তুমাই। এটি সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার পশ্চিম জাফলং ইউনিয়নের একটি গ্রাম। পিছনে মেঘালয় পাহাড় এবং বয়ে চলা পিয়াইন নদীর পাড়ে এই গ্রামটি বাংলাদেশের সবচেয়ে সুন্দর গ্রামগুলোর একটি। এই গ্রামের পাশেই বিশাল ঝরণা যার স্থানীয় নাম 'ফাটাছড়ির ঝরণা' যা আমাদের কাছে পান্তুমাই/পাংথুমাই/পাংতুমাই ঝরণা হিসাবে পরিচিত। কেউ কেউ আবার 'বড়হিল ঝরণা' বলেও ডাকেন। ঝরণাটি ভারতের মধ্যে পড়লেও পিয়াইন নদীর পাড়ে দাঁড়িয়ে খুব কাছ থেকে দেখা যায়।

**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে এর দূরত্ব ৫৮ কিলোমিটার। সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সিএনজিচালিত অটোরিক্সা করে গোয়াইনঘাট হয়ে হাদার বাজার। রিজার্ভ ১,০০০-১,৫০০ টাকা। হাদার বাজার থেকে নৌকায় পান্তুমাই। ভাড়া পড়বে ১,২০০-২,০০০ টাকা।

**কোথায় থাকবেন :** পান্তুমাইয়ে থাকার জায়গা নেই। তাই সিলেট শহরেই ফিরে আসতে হবে।

# Panthumai

Panthumai is a wonderful village near the Meghalaya in the Bangladesh-India border. It is located in the west Jaflong union under Gowainghat upzilla in Sylhet distrit. It is the most beautiful village in Bangladesh which is in the bank of the Piyain river. Behind this village there are the Hill Meghalaya. Besides, this village, there is a large waterfall which is locally known as Fatachori waterfall and now known as Panthumai waterfall. It also called as Borhohill waterfall. Though it is in India, it seems very near from the bank of Piyain river .

**How to go:** Panthumai is 58 k.m. away from the Sylhet city. From the Amberkhana point of Sylhet city, CNG auto-Rickshaw are available to Gowainghat Hadar Bazar. It will cost Tk. 1000-1500 as fare. From Hadar Bazar to Pantumai one can go by boat. Itwill cost Tk.1200 to 2000.

**Where to stay:** There is no hotels in Panthumai. One should come back to the city.



## চেঙ্গের খাল

সিলেটে স্থানীয়রা টাকি মাছকে 'চেঙ্গ' মাছ বলে। সকাল হতে না হতেই ছেলে-বুড়োরা 'চেঙ্গ' মাছ ধরার জন্য এই খালে চলে আসতো। এই 'চেঙ্গ' মাছের আধিক্য দেখে স্থানীয় অধিবাসীরা এর নামকরণ করেন 'চেঙ্গের খাল'। সেই থেকে নামটি এখনো ব্যবহৃত হচ্ছে। এটি সিলেট সদর উপজেলার হাটখোলা ইউনিয়নে পড়েছে। একসময় এটি খুব সরু একটি খাল ছিলো। এপার থেকে ওপার লাফ দিয়ে অনায়াসেই যাওয়া যেতো। এ খালে সে সময় পাওয়া যেত প্রচুর পরিমাণে টাকি মাছ।

## Chenger Khal (Snake Head's Canal)

Local people of Sylhet call snake head fish as 'Cheng' fish. Seeing the abundance of 'Cheng' fishes, local people entitled it as Chenger Khal. People of all ages used to gather in this place to catch 'Cheng' fish. Since then the name has been being used. It is located in Hatkhola Union under Sylhet Sadar Upazila. Once 'Chenger Khal' was a very narrow canal. People could easily cross by jumping from one side to another side. At that time people would find a lot of snake head fishes.



# সারিঘাট

সিলেট থেকে জাফলং যাওয়ার পথেই পড়বে সারিঘাট। গোয়াইনঘাটে এইন দীর অবস্থান। নদীর ঘাটে এলেই চোখে পড়বে বালু তোলার দৃশ্য। সারি নদীর বালু এ এলাকায় প্রসিদ্ধ। এই ঘাট থেকে একই সাথে সারি নদী আর মেঘালয়ের সৌন্দর্য উপভোগ করা যায়। সারি নদীর পানি এতটাই নীল যেন মনে হবে আকাশের সব নীল আছড়ে পড়েছে সারির বুকে। সারি নদীর দুই পাড়ে তরমুজ ও চায়ের চাষ চোখে পড়ার মতো।

**কিভাবে যাবেন :** বাসে করে সিলেট থেকে গোয়াইনঘাটের সারিঘাট যেতে হবে।





## Sarighat

On the way to Jaflong from Sylhet city, Sarighat will be found. It is situated in Gowainghat Upazila. Right after coming to river bank, you can see the scenery of sand collection. Sand of Sari River is well-known. From the bank of Sarighat one can enjoy the beauty of both Sari River and Meghalaya. The water of Sari is so blue that it seems the whole blue of sky is bestowed upon the surface of Sari. The cultivation of tea and watermelon on the both side of Sari river is very charming

**How to Go :** One can go there by bus from Sylhet to Sarighat area of Gowainghat.


# বিছনাকান্দি

বাংলাদেশ-ভারত সীমান্তে মেঘালয়ের কোল ঘেঁষে প্রকৃতি যেন মনের মাধুরী মিশিয়ে নিজ হাতে তৈরি করেছে বিছনাকান্দিকে। পাহাড়ের বুক চিরে নেমে আসা মনোমুগ্ধকর ঝরণা, পাথরের বিছানার উপর দিয়ে বয়ে যাওয়া স্রোত মনকে টেনে নেয় প্রকৃতির গহীনে। বিছনাকান্দি সিলেট শহর থেকে ৬৪ কিলোমিটার দূরে গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত। শুকনো মৌসুমে বিছনাকান্দির আসল সৌন্দর্য চোখে পড়ে না। বর্ষাকালে পানির ঢল জায়গাটিকে মায়াময় করে তোলে।

**কিভাবে যাবেন :** সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সিএনজিচালিত অটোরিক্সা করে গোয়াইনঘাট হয়ে হাদার বাজার। রিজার্ভ ১,০০০-১,৫০০ টাকা। হাদার বাজার থেকে নৌকায় বিছানাকান্দি। ভাড়া পড়বে ১,২০০-২,৫০০ টাকা।

**কোথায় থাকবেন :** বিছানাকান্দিতে থাকার তেমন ভাল হোটেল/রিসোর্ট নাই। কেউ থাকতে চাইলে সিলেট শহরে ফিরে আসতে হবে।





# Bisnakandi

By her sweet hand, nature made Bisnakandi in the arms of Meghalaya at the border of Bangladesh-India. The fascinating waterfall from the deep of forest and tide flows through the bed of stones lead the heart to the deep of natural beauty. It is situated at Guwainghat and about 64 kilometers away from Sylhet town. But, it doesn't attract people in dry season . Rather, it gets heart in the rainy season.

**How to go:** One can go Hadar Bazar from the Amberkhana (Sylhet) by CNG-Auto rickshaw. It will cost Tk. 1000-1500. Then, from Hadar Bazar; one can hire boat. It will cost Tk. 1200-2000 as fare.

**Where to stay :** There is no quality hotel/resort to stay at Bisnakandi . One has to be back to Sylhet city to stay .



# উতমাছড়া

প্রকৃতির অসাধারণ রূপ-লাবণ্যে ঘেরা এই জায়গাটি সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার উত্তর রণিখাই ইউনিয়নে অবস্থিত। পুরো এলাকা পাথরে ভরা। পানিতে বিছানো রয়েছে ছোট-বড় অসংখ্য পাথর। সেসব পাথরের কোনও কোনটাতে রয়েছে মোটা ঘাসের আস্তারণ। আবার কোন কোনোটা ধবধবে সাদা। সারি সারি নীল পাহাড়ের কোলে পাথর বিছানো বিস্তৃত এলাকায় জলের ছোটাছুটি। পাহাড়ের বুক চিরে বের হয়ে আসা ঠান্ডা পানির স্রোত।

**কিভাবে যাবেন :** সিলেটের আম্বরখানা পয়েন্ট থেকে সরাসরি সিএনজিচালিত অটোরিক্সা নিয়ে যাওয়া যায় দয়ারবাজারে। ৩৫ কিলোমিটার দূরের এই জায়গার ভাড়া জনপ্রতি ১৬০-১৮০ টাকা। আর দয়ারবাজার থেকে আবার সিএনজি অটোরিক্সা যোগে যেতে হবে চড়ারবাজারে। চড়ারবাজার থেকে হেটে উতমাছড়া মুল স্পটে যেতে সময় লাগবে ১০ থেকে ১৫ মিনিট।





# Utmachara

Utmachara is surrounded by the unique scenic beauty of nature. This place is located at north Ranikhai union under Companigonj Upazila in Sylhet. The whole area is covered with different types of colourful stones. Some of those stones are wrapped with thick grasses and some are fully white. Water is flowing from the lap of blue hills and sprawling over the vast stone covered land area. The stream of cold water is flowing from the core of the mountains.

**How to go :** One can hire a CNG operated auto rickshaw directly from Ambarkhana point of Sylhet City to reach Doyarbazar. For this, one has to pay Tk. 160-180 to cover the distance of 35 kilometers. Then, from Doyarbazar, one has to reach Chorarbazar by auto rickshaw, and from there one can reach to Utmachara main spot on foot by 10 to 15 minutes.



# মায়াবী ঝরণা

জাফলংয়ের জিরো পয়েন্ট থেকেই দেখা যায় সংগ্রামপুঞ্জি ঝরণা। এটি কয়েক ধাপবিশিষ্ট পাথুরে ঝরণা। ধাপ দেওয়া এরকম ঝরণা বাংলাদেশে তেমন একটা নেই। যদিও এটি ভারতের সীমান্তে। তবে বিএসএফের অনুমতি নিয়ে বাংলাদেশীরা এ ঝরণার চূড়া পর্যন্ত উঠতে পারে। এই ঝরণাকে সংগ্রামপুঞ্জি বা সেনগ্রামপুঞ্জি ঝরণা বা মায়াবী ঝরণা নানা নামেই ডাকা হয়। এর খানিক দূরেই রয়েছে মেঘালয় পাহাড়। জিরো পয়েন্ট থেকে তপ্ত বালু হেঁটে পার হয়ে যেতে হবে এই ঝরণায়।

**কিভাবে যাবেন :** সড়কপথে সিলেট সদর থেকে জাফলং-এর দূরত্ব ৫৬ কিলোমিটার। জাফলংমুখী বাস ছাড়ে নগরীর শিবগঞ্জ থেকে। এক ঘন্টা পরপর বাস পাওয়া যায়। জাফলং জিরো পয়েন্টে অবস্থিত পিয়াইন নদী বোটে পাড়ি দিয়ে যেতে হয় সংগ্রামপুঞ্জিতে। সেখান থেকে ১০/১৫ মিনিট হাঁটলেই পাওয়া যাবে সংগ্রামপুঞ্জি জলপ্রপাত। রিজার্ভ যাওয়া-আসার জন্য মাইক্রোবাসের ভাড়া পড়বে ৩ হাজার থেকে সাড়ে ৩ হাজার টাকা।

# Mayabi Fountain

A multi-step stony fount named Songrampunji fount is seen from Jaflong Zero point. There is no other multi-step fountain in Bangladesh likewise. It is situated in the territory of India. Despite this, Bangladeshi people can ride in the apex of this fountain by taking permission from BSF. It is called in different names like Songrampunji or Sengram punji or Mayabi fountain. Meghalaya hill is situated very close to it. It is to be gone there by crossing the heated sand from Jaflong Zero point.

**Road to go :** Jaflong is 56 km far away from Sylhet. Jalfog-bound busses are available every one hour interval from Shibgonj, Sylhet. After reaching Jaflong zero point one has to cross Piyan river by boat. From there it will take 10 minutes to go Songrapunji waterfall by walking. If one reserves a micro bus up and down it will cost near about Tk. 3000-3500




# হাসন রাজার বাড়ি

মরমী কবি হাসন রাজা চৌধুরী ১৮৫৪ সালের ২১ ডিসেম্বর সুনামগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তবে হাসন রাজার পূর্বপুরুষের পৈত্রিক বাড়ি ছিল সিলেটের বিশ্বনাথে। ষোড়শ শতাব্দীর শেষের দিকে বিশ্বনাথের রামপাশা বাজারে তাঁর পূর্বপুরুষ বিজয় সিং বসবাস শুরু করেন। দোতলা দালানের এই বাড়িটিতে জড়িয়ে আছে হাসন রাজার অনেক স্মৃতি।

# House of **Hason Raja**

Mystic poet Hason Raja Chowdhury was born in 21 December 1854 in Sunamgonj district. But his ancestors house was in Bishwanath upazila, Sylhet. At the end of 16th century Hason Rajas ancestor Bijoy Sing started to live at Rampasha village at Bishwanath. This two storied building bears the memory of Hason Raja.











# হাসন রাজা মিউজিয়াম

মরমী কবি হাসন রাজার স্মৃতিকে অম্লান করে রাখতে সিলেটে প্রতিষ্ঠা করা হয়েছে মিউজিয়াম অব রাজাস। দেওয়ান তালেবুর রাজা ট্রাস্ট ২০০৬ সালে সিলেট নগরীর জিন্দাবাজারে মিউজিয়াম অব রাজাস চালু করে। এই ট্রাস্টের দায়িত্বে আছেন হাসন রাজার নাতি। হাসন রাজার পরিবারের ছবি, শ্বেত পাথরের তৈজসপত্র, হাসন রাজার ব্যবহৃত খড়ম, হুক্কা, হাসন রাজার ছবি, লোকবাদ্য যন্ত্র- ঢোলক, একতারা, তুম্বিরা, সারিন্দা, দোতারা ইত্যাদি সংরক্ষিত আছে। আছে হাসন রাজা ও লোকসঙ্গীত বিষয়ক ৩২টি বই। চোখে পড়বে হাসন রাজার ব্যবহৃত লোহার সিন্দুক। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত মিউজিয়ামটি সকলের জন্য উন্মুক্ত থাকে।



# Museum of Rajas

Museum of Rajas is built to keep memory of famous poet Hason Raja permenently. In 2006, Dewan Talebur Raja Trust started Museum of Rajas at Zindabazar in Sylhet city. The grandson of Hason Raja is in charge of the Trust. Family picture of Hason Raja, white stone's utensils, Raja's used clog, pictures and folklore tools- drums, one string, tumbi, sarinda and two string etc. are preserved here. There are 32 books about Hason Raja and folk music. The museum is kept open for all everyday from 9.00 am to 5.00 pm.

# ওসমানী জাদুঘর

আমাদের মহান মুক্তিযুদ্ধে বঙ্গবীর জেনারেল মোহাম্মদ আতাউল গণি ওসমানীর রয়েছে অনন্য অবদান। তাঁর বর্ণাঢ্য জীবনের বিভিন্ন কর্মকান্ড স্মরণীয় করে রাখতে সিলেট নগরীর ধোপাদীঘির পাড়ে প্রতিষ্ঠা করা হয়েছে ওসমানী জাদুঘর। ১৯৮৭ সালে ৪ মার্চ অনুষ্ঠানিকভাবে জাদুঘরটির যাত্রা শুরু হয়। ২ বিঘা জমির উপর মনোরম পরিবেশে করা বাড়িটি ওসমানীর স্মৃতিগাঁথায় ভরপুর। জেনারেল এমএজি ওসমানীর ব্যবহৃত বিভিন্ন সামগ্রী, মুক্তিযুদ্ধ এবং মুক্তিযুদ্ধ পরবর্তী ঐতিহাসিক ঘটনার বহু দলিল, দুর্লভ ছবি, চিত্রকর্ম রয়েছে এখানে। জাদুঘরটি প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা এবং শুক্রবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত পরিদর্শন করা যায় কোন ফি ছাড়াই।

**কীভাবে যাবেন :** কদমতলী বাসস্ট্যান্ড থেকে অটোরিক্সায় যেতে লাগবে ১০০-১৫০ টাকা।








## Osmani Museum

Bangabir General Muhammad Ataul Gani Osmani, the then Commander-in-Chief of Bangladesh has glorious history in our liveration war. His house transformed into today's famous "Osmani Museum". It is situated at the Dhopadighirpar, Sylhet. This museum has been established to pay tribute to the great hero of Bangladesh for his outstanding accomplishments. It was inaugurated on 4 March 1987. The house, filled with memories of M. A. G. Osmani, was built on a tranquil place covering two bigha lands. Various materials used by Osmani, many documents of the historical events of the war of liberation, rare pictures, paintings are preserved in the museum. The museum can be visited from 9 am to 6 pm every day and from 3 pm to 8 pm on Friday, without any fees.

**How to go :** From Kadamtali bustand it will cost Tk. 100-150.

# বঙ্গবীর ওসমানী শিশু পার্ক

সিলেট নগরীর প্রাণকেন্দ্র ধোপা দিঘীর পাড়ে অবস্থিত বিনোদনকেন্দ্র বঙ্গবীর ওসমানী শিশুপার্ক। মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এমএজি ওসমানীর নামে তাঁর শেষ ইচ্ছা অনুযায়ী ২০০০ সালে স্থাপিত হয় এটি। প্রায় ৮ একর আয়তনের এই পার্ক। প্রতিদিন প্রচুর দর্শনার্থী সমাগম ঘটে এই পার্কে।





# Bangabir Osmani Children Park

Bangabir Osmani Children Park is located at Dhupadighirpar in the heart of Sylhet city. It is an entertainment center. According to the last desire of M.A.G. Osmani, the then commander -in-chief of the Bangladesh Armed Forces during the liberation war of Bangladesh. The children park was established in the year of 2000. The total area of the park is about 8 acres. Many visitors gather here everyday for amusement.



# লোভাছড়া

খাসিয়া-জৈন্তা পাহাড়ের পাদদেশে বয়ে চলছে স্বচ্ছ পানির লোভাছড়া নদী। ব্রিটিশ আমলে চালু হওয়া চা বাগান আর প্রকৃতির অকৃত্রিম সৌন্দর্যে ঘেরা লোভাছড়া গ্রাম। এ গ্রাম থেকে খাসিয়া জৈন্তিয়া পাহাড় খুব কাছ থেকে দেখা যায়। লোভাছড়া চা বাগানটিও হয়ে উঠেছে বন্যপ্রাণীর অভয় আশ্রম। এখানে রয়েছে সুবিশাল পাথরের খনি যা লোভা পাথর কোয়ারী নামে পরিচিত। কোয়ারিতে আসার পথে অনেক দৃশ্যই পর্যটকদের মন কেড়ে নেয়।



**কিভাবে যাবেন :** সিলেট থেকে যেতে হবে কানাইঘাট। সিএনজিচালিত অটোরিক্সা ভাড়া নেবে ৫০০ থেকে ৭০০ টাকা। সময় লাগবে দেড় থেকে দুই ঘণ্টা। কানাইঘাট থেকে নৌকা নিয়ে যেতে হবে লোভাছড়া চা-বাগান আর লোভাছড়া জাতীয় উদ্যান। নৌকা ভাড়া পড়বে ৫০০ থেকে ৮০০ টাকা।





# Luvachora





The transparent water of the river Luvachora flows. Beside the Khasia –Jaintia hill at the north-east border of Bangladesh is an ideal place for a lonely nature lover. The Khasia-Jaintia hills are easily seen from the naturally beautiful village "Luvachora" and the tea garden of British regime. The tea garden of Luvachora turns into a sanctuary for the wildlife. At the east of the river Surma, there lies a vast mine of stone which is known as Luva-stone mine. There are many places which fascinate the heart of tourist on the way to come at Luvachora-mine.

**How to go:** One can go kanaighat from Sylhet. It will do from Tk. 500 - 700 by CNG auto rickshaw as fare. The journey will take 1.5 hours to 2 hours. Then one has to hire a boat from kanaighat to go Luvachora and Luvachora national forest. About Tk. 500 will be fare by boat.





# মণিপুরী নাচ

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মণিপুরী সম্প্রদায়ের বাস সিলেট বিভাগে। আঠারো শতক থেকে এখানে বসবাস করছে মনিপুরীরা। প্রায় দেড় লাখ মণিপুরী আছে বাংলাদেশে। মণিপুরী সংস্কৃতির উজ্জ্বলতম দিক মণিপুরী নৃত্য যা বিশ্বব্যাপী সমাদৃত। বৈষ্ণব পদাবলী, পালাকীর্ত্তন, ভজন ও আরতির সুর ও সঙ্গীত মণিপুরী সঙ্গীত ও নৃত্যকলার অন্যতম দিক। মণিপুরী নাচের মধ্যে সবচেয়ে সমৃদ্ধ রাধাকৃষ্ণের প্রেম অবলম্বনে গোপ-গোপীদের রাসনৃত্য। ১৯১৯ সনে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর সিলেটের বিষ্ণুপ্রিয়া মণিপুরী গ্রাম মাছিমপুরে মণিপুরীদের পরিবেশিত রাসনৃত্য দেখে বিমোহিত হন এবং শান্তিনিকেতনে মণিপুরী নৃত্য চালু করেন।



# Manipuri Dance

Small ethnic group of Manipuri Communities lives in Sylhet. The Manipuri has been living here since 18th century. About 15lakh people of Manipuri live here. The most attractive side of Manipuri Culture is their dance that is appreciated throughout the world. ‘Vaishnava verses’, ‘Turn back’ dance, ‘Bhajan’, ‘Ariti voice’ and music are the most famous aspects of Manipuri Music and dance. Among the Manipuri dances, the most enriched lover Gupgupi’s Rancidity based on the love Radha Krishna. In 1919, the poet of poets, RabindranathTagore was fascinated by seeing Rancidity held in the village of Masimpur under Bishnupriya based Manipuri and started Manipuri dance in “Shantiniketon”.

# ধামাইল গান ও ধামাইল নাচ

সিলেট অঞ্চলে প্রচলিত একধরনের কাহিনী সম্বলিত নাচকে বলে ধামাইল নাচ। এটি এ অঞ্চলের লোকসাহিত্যের একটি অংশ। যে কোন মাঙ্গলিক অনুষ্ঠানেই এই গীত-নৃত্য পরিবেশনা করা হয়। সাধারণতঃ সনাতন ধর্মাবলম্বীদের বিয়ের অনুষ্ঠানে এই নাচের আয়োজন বেশি হয়। রাধারমন দত্তের হাত ধরে এ গান সবচেয়ে বেশি প্রচারিত ও প্রচলিত হওয়ায় তাকেই এ গানের স্রষ্টা বলা হয়।

'ধামা' শব্দটি থেকে 'ধামাইল' শব্দটির উৎপত্তি; এর অর্থ আবেশ বা ভাব। আবার, আঞ্চলিকভাবে এর অর্থ উঠোন। ধারণা করা হয়, বাড়ীর উঠোনে এই গান - নাচের আয়োজন করা হয় বলে একে 'ধামাইল গান/নাচ' বলে।

# Dhamail Songs and Dhamail Dance

Dhamail is a form of folk music and dance originated in Sylhet. This song-dance is performed at any of the Mangalic ceremony. Generally, this dance ceremony is organized on the occasion of Hindhu wedding. Folk music composer Radha Romon have been cited as having introduced the dhamail dance tradition in Sylhet region. The word “Dhamail” is derived from the word “Dhama”. It means obsession or illusion. Locally, it means court-yard. It is assumed that this song-dance is called Dhamail as it is arranged in the house court-yard.



# সিলেটের শিল্প চর্চা

সংস্কৃতি চর্চায় সমৃদ্ধ সিলেট। শিল্পকলা একাডেমি ও শিশু একাডেমির উদ্যোগে এষানকার শিশু, কিশোর-কিশোররা যুক্ত থাকে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডে। ছবিতে রবীন্দ্রনাথের চিত্রাঙ্গদা কাব্যনাট্যকে অভিনয় করছে শিশুশিল্পীরা।

# Cultural Activities at Sylhet

Sylhet is enriched in cultural activities. Here children, teenagers are involved in different cultural activities through Shilpokala Academy and Shishu Academy. Picture beside represent the Rabindranath Tagors drama “CHITRANGADA” performing by the child artist of Shilpokala Academy.



# সাইট্রাস গবেষণা কেন্দ্র

সিলেটের বিয়ানীবাজার, বড়লেখা, কুলাউড়া, জৈন্তাপুর, কানাইঘাট প্রভৃতি অঞ্চলে সাইট্রাস জাতীয় ফলের উৎপাদন সবচেয়ে বেশি হয়ে থাকে। এই সাইট্রাস জাতীয় ফলের উৎপাদনের কথা চিন্তা করেই সিলেটের জৈন্তাপুরে স্থাপন করা হয় 'সাইট্রাস গবেষণা কেন্দ্র'। শুধু ফলের গুণ-মান উন্নয়ন নয়, বিভিন্ন জাতের মসলা উন্নতকরণেও গবেষণা চলছে সিলেটের জৈন্তাপুর উপজেলার গৌরিশঙ্কর গ্রাম সংলগ্ন এই সাইট্রাস ফল গবেষণা কেন্দ্রে। এই গবেষণা কেন্দ্রের ভেতর রয়েছে বেশ কয়েকটি টিলাও এবং বিশাল বিশাল বেড়ে সারিবদ্ধ ফলের গাছ-কমলা, সাতকরা, বাতাবিলেবু এবং অন্যান্য ফলের গাছ। নতুন বেশ কিছু ফলের উন্নত জাত, উৎপাদন প্রযুক্তি, রোগমুক্তকরণ ও প্রক্রিয়াজাতের কলা-কৌশল উদ্ভাবনের গবেষণা চলছে এই কেন্দ্রে। ফুল-ফল ও শাক-সবজি উৎপাদন ও গবেষণার জন্য ১৯৫১ সালে কৃষি কার্যক্রমের অধীনে 'অর্গানাইজেশন অব হর্টিকালচার সেকশন' নামে প্রকল্প চালু হয়। এই কার্যক্রমের অংশ হিসাবে ১৯৫৯-৬০ সালে জৈন্তাপুরে ৫৩ একর জমি নিয়ে ফল উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। ১৯৬১ সালে আরও ৬৫ একর জমি নিয়ে গোলমরিচ চাষাবাদের জন্য প্রকল্প চালু হয়। পরে ১৯৭০ সালে এদের একীভূত করা হয়। ১৯৭৬ সালে এ গবেষণা কেন্দ্রকে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের অধিভুক্ত করা হয়। এই গবেষণা কেন্দ্রে ভেতর ঢুকলেই সহজে যেকোন দর্শনার্থীর মন জুড়িয়ে যাবে।

**কিভাবে যাবেন :** সিলেট থেকে সিএনজি কিংবা ব্যাটারিচালিত অটোরিক্সায় চলে যাবেন সাইট্রাস গবেষণা কেন্দ্রে।








# Citrus Research Centre :

The largest amount of Citrus Fruits are produced in the Biyanibazar, Jaintiapur, Gowianghat, Kanaighat of Sylhet region. With the contemplation of this citric food, a citrus research centre was established in Jaintiapur of Sylhet. This center is also research about the quality development of different types of spicies including different fruits. If anyone visits this citrus research centre which is annexed with the Gourishonkhor village in Jaintiapur upazila, he will have a mood of tranquility and peace due to its natural beauty. A project was initiated in 1951 to research and produce vegetable, fruits along with other crops under 'Organization of Horticulture Section'. As a part of this project a Fruit Development Centre was established in 1959-60 in a land 53 acres in Jaintiapur. In 1961 another project was initiated to cultivate paper nigrum on 65 acres land. Afterwards in 1970 both the projects were combined together. In 1976 this research Centre was taken under the authorization of Bangladesh Agriculture research institute.

**How to go :** CNG Auto Rickshaw or busses are available from Sylhet to Citrus Centre .

# শ্রীপুর

মেঘ পাহাড়ের দেশ নামে খ্যাত জৈন্তাপুর উপজেলায় অবস্থিত শ্রীপুর পিকনিক স্পট। নীরবতায় আচ্ছাদিত এই স্থানটির পরিবেশ যেকোন পর্যটককে দেয় অনাবিল আনন্দ। সিলেট-তামাবিল সড়কের দু'পাশের প্রকৃতি অসাধারণ বৈচিত্র্যপূর্ণ। দূর পাহাড়ের বুকে চিরে ঝরে পড়া ঝরণার দেখা মিলবে শ্রীপুর যাওয়ার পথে। শ্রীপুরের লেকের স্বচ্ছ জলরাশির মধ্যে ইচ্ছে করলেই নৌ ভ্রমণ সেরে নেয়া যায়।





**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে ৬২ কিলোমিটার দূরে শ্রীপুরের অবস্থান। শ্রীপুরে যাতায়াত সুবিধা ভালো। বাসে অথবা রিজার্ভ গাড়ি এই দুই মাধ্যমেই পৌঁছানো যায় শ্রীপুরে। ভাড়া লাগবে ১৫০০-২০০০ টাকা।





# Sripur

Sripur picnic spot is situated under Jaintiapur Upazila hometown of the clouds and the hills. Calm and quiet environment of this spot, offers boundless pleasure to any visitor. Nature of both sides of Sylhet-Tamabil road is full of exceptional diversity. On the way to Sripur, one can see the flowing down fountain of far away hills. If one just, one can enjoy boat journey on transparent water of Sripur Lake.

**How to Go:** It is located 62 kilometer away from Sylhet city. Transportation facility towards Sripur is reasonable. Verily you can reach by two ways-bus or reserve car. It will cost Tk. 1500-2000.







## নলজুড়ি ঝর্ণা

জাফলংয়ের পাঁচ কিলোমিটার আগের জায়গাটির নাম নলজুড়ি। এ জায়গা থেকেই উপভোগ করা যায় ভারতের মেঘালয়ের পাহাড়ি ঝরণা আর প্রাকৃতিক অপরূপ সৌন্দর্য। পাহাড়ের সৌন্দর্য আর নির্জনতা উপভোগ করতে চাইলে নলজুড়ি ডাকবাংলোয় রাত্রিযাপনের তুলনা নেই। নলজুড়ির জেলা পরিষদের ডাকবাংলো থেকে ভারতের মেঘালয় রাজ্যের পাহাড়ী ঝরণা অত্যন্ড় স্পষ্ট দেখা যায়। রাতের গভীরতার সঙ্গে বাড়তে থাকে ঝরণা থেকেই একটানা পানি পড়ার শব্দ।

কীভাবে যাবেন : এটি গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত। জাফলংগামী বাসে ওঠলে পৌঁছে যাবে নলজুড়িতে। নলজুড়িতে সরকারি রেস্টহাউস আছে। ভাড়া ৫০০-১৫০০ টাকা।

## Noljuri Waterfall

It is just five kilometer on the way to Jaflong. From there one can enjoy the beauty of fount of Meghalaya hill and natural beauty. There is no other alternative of passing a night in Noljury bungalow to enjoy the beauty of nature.

**How to go :** It is situated in Gowainghat Upazila. You can reached Noljuri through public transport on Jaflong road. There is Govt. rest house which will cost Tk. 500-1000.



# ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর

দেশের তৃতীয় বৃহত্তম আন্তর্জাতিক বিমানবন্দর ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর। সিলেট শহর থেকে ৮ কিঃমিঃ দূরে বড়শালা এলাকায় অবস্থিত। বিমানবন্দরটি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত হয়। এটি ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের প্রধান সেনাপতি এমএজি ওসমানীর নামানুসারে নামকরণ করা হয়। পূর্বে এর নাম ছিল সিলেট বিমানবন্দর।

# Osmani International Airport

Osmani International Airport is third largest international airport in Bangladesh. It is situated at Barashal area, just 8 k.m away from Sylhet city. The airport is operated by the Bangladesh Civil Aviation Authority. The airport was formerly known as Sylhet Civil Airport but was renamed after General M A G Osmani, was the Commander-in-chief of the Bangladesh Arm Forces and Freedom Forces during the War of Liberation.




# সিলেট রেলওয়ে স্টেশন

বাংলাদেশের তৃতীয় বৃহত্তম রেলস্টেশন হচ্ছে সিলেট রেলস্টেশন। দেশে দুই ধরনের রেলপথ চালু আছে: ব্রডগেজ এবং মিটারগেজ। সিলেট রেলওয়ে স্টেশন মিটারগেজ রেলপথ। ব্রিটিশ আমলে এ অঞ্চলের মানুষের প্রধান যাতায়াতের মাধ্যম ছিল ট্রেন। সুরমা নদীর দক্ষিণ পাশে খোজার খোলা মৌজায় সিলেট রেল স্টেশনের অবস্থান। বছর কয়েক আগে পুরাতন রেল স্টেশনের পাশেই একটি নতুন এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এই রেল স্টেশন গড়ে তোলা হয়েছে।

সিলেট হতে রাজধানী ঢাকার উদ্দেশে প্রতিদিন ৪টি আন্তঃনগর ট্রেন ছেড়ে যায় : কালনী এক্সপ্রেস, জয়ন্তিকা এক্সপ্রেস, পারাবত এক্সপ্রেস ও উপবন এক্সপ্রেস। বন্দর নগরী চট্টগ্রামের উদ্দেশে প্রতিদিন ২টি আন্তঃনগর ট্রেন ছেড়ে যায়। এছাড়া বেশ কয়েকটি মেইল ও লোকাল ট্রেন চলাচল করে।



# Sylhet Railway Station

Sylhet Railway Station is the third largest railway station in Bangladesh. It is located at Khujarkhola Mouja on the south side of Surma River. There are two types of rail roads in the country: broad gauge and meter gauge. This station is connected with meter gauge link. During the British period, the main transport of the people of this region was the train. A new railway station was built beside the old one with modern facilities.

Four intercity trains – Kalni express, Joyonthika express,  Parabat express and Upaban express leave from Sylhet to Dhaka every day. Two more intercity trains - Paharika express and Udayan express leave from Sylhet to the port city Chittagong daily. Apart from these, there are also several mail trains and local trains.



# সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম

সবুজ পাহাড়টিলা আর নয়নাভিরাম চা বাগানের মনোরম পরিবেশ বেষ্টিত সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম। স্টেডিয়ামের চার পাশে চা বাগান, বড় বড় গাছ, ছোট ছোট টিলার সাথে রয়েছে সবুজ গ্যালারি। লাক্কাতুরা চা-বাগানের ভেতরেই মাঠ। স্টেডিয়ামটি ২০০৭ সালে নির্মিত হয়। ৬১৫ ফুট দীর্ঘ এবং ৪৮৫ ফুট প্রশস্থ এই ক্রিকেট মাঠটি দেশের অন্যতম বড় একটি মাঠ। আগে এর নাম ছিল সিলেট বিভাগীয় স্টেডিয়াম। সংস্কার করে আন্ড়র্জাতিক ক্রিকেটের উপযোগী করার পর নাম হয় সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম।

**কিভাবে যাবেন :** শহর থেকে রিকশা অথবা সিএনজিচালিত অটোরিকশায় করে বিমানবন্দরের দিকে গেলেই স্টেডিয়ামটি পাওয়া যাবে। ভাড়া ১৫০-২০০ টাকা।

# Sylhet International Cricket Stadium

Sylhet International Cricket Stadium is covered with blue hills and mountains and eye-catching tea garden. Blue Gallery is attached with the stadium along with tea garden, big trees and small hills on four sides. The field is located inside "Lakkatura" tea garden. It was built in 2007. It is one of the biggest fields of the country having the size of 615 feet long and 485 feet wide. Earlier it was addressed as Sylhet Divisional Stadium. After reformation and making it suitable , it was named as Sylhet International Stadium.

**How to Go :** Obviously the stadium is found after going from Sylhet city by rickshaw, CNG Auto-rickshaw or by a car. It will cost Tk. 150-200.



# সুরমা নদী

সিলেটকে সুরমা নদী মায়ের মত জড়িয়ে রেখেছে। সুরমা বাংলাদেশ-ভারতের একটি আন্তঃসীমান্ত নদী। এর উৎপত্তি মণিপুর পাহাড়ে মাও সংসাং এর নিকট হতে বরাক নদী থেকে। আসামের নাগা-মণিপুর অঞ্চল থেকে উৎপন্ন হয়ে বাংলাদেশ সীমান্তে এসে নদীটি দুই শাখায় বিভক্ত হয়ে প্রবাহিত হচ্ছে। উত্তরের শাখাটি সুরমা নামে পশ্চিম দিকে বিশ্বনাথ উপজেলা হয়ে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার উপর দিয়ে প্রবাহিত হয়েছে। আজমেরিগঞ্জের কাছে উত্তরের শাখা সুরমা, আর দক্ষিণের শাখা সিলেটের কুশিয়ারা নদী মিলিত হয়ে হবিগঞ্জে কালনী নদীতে গিয়ে মিশেছে। এরপর সুরমা ও কুশিয়ারার মিলিত প্রবাহ কালনী নামে দক্ষিণে কিছুদূর প্রবাহিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে। মেঘনা ভৈরব বাজারে পুরাতন বক্ষ্মপুত্রের সঙ্গে এবং চাঁদপুরের কাছে পদ্মার সঙ্গে মিলিত হয়ে মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।




# Surma River

Surma has amalgamated Sylhet as like as Mother. It is a cross -border river of Bangladesh-India. It has been originated from Barak River in the Manipur Hills near Mao Songsang. Being originated from the Naga-Monipur region of Asam, it has been flowing in two branches dividing at Bangladesh border. The northern branch named 'Surma' is flowing over Chatak upozila of Sunamgonj district via Bishwnath upozila of Sylhet. The northern branch Surma and southern Khusiara of Sylhet have coincided in the Ajmerigonj of Habigonj naming as Kalni. Then Kalni, the coinciding flow of Surma and Khusiara has been held the name as Meghna immediate after flowing a little distant away along southward. The Meghna has fallen into the Bay of Bengal coinciding with Old Brahmaputra at Bhoirab Bazar and Padma at Chandpur.

# নীল পানির লালাখাল

নীরব পরিবেশ আর প্রকৃতির অপার সৌন্দর্য্য লালাখালকে দিয়েছে ভিন্নমাত্রা। চারিদিকে সারিবদ্ধ সবুজ পাহাড় তার মাঝ দিয়ে প্রবাহিত সারি নদীর অপরূপ জলরাশি সহজেই মুগ্ধ করে পর্যটকদের। কুয়াশার মতো মেঘ সবসময়ই ভর করে থাকে পাহাড়ের মাথায়। সারি নদীর পানির রং নীল। নীল পানির দুপাশে সবুজ টিলার গায়ে চাবাগান। ভারতের চেরাপুঞ্জির পাশেই লালাখাল। জোস্নারাতে লালাখালকে লাগে রহস্যময়ীর মতো।





**কিভাবে যাবেন :** সিলেট শহর থেকে জাফলং রোডে জৈন্তাপুর উপজেলায় এর অবস্থান। সন্ধ্যার দিকে নদীতে কোন নৌকা থাকে না, তাই ভ্রমণ বা ঘোরাঘুরি সন্ধ্যার মধ্যেই শেষ করতে হয়। সিলেট থেকে জাফলংয়ের বাসে প্রায় ৩৫ কিলোমিটার গেলেই সারিঘাট। মাইক্রো রিজার্ভ করে যেতে ভাড়া পড়বে ২৫০০-৩০০০ টাকা। নদীতে নৌকা ভ্রমণ করা যাবে ঘন্টায় ৬০০ টাকায়।



## Blue Water's

# Lala Khal



Quiet environment and immense beauty of nature has given Lalakhal a different dimension. Raw aligned blue hills of surrounding and through it flown aesthetic water of Sari river easily fascinate the tourists. Clouds like fog always persists at the peak of the hills! Water colour of Sari River is blue. Tea garden avails at the body of blue hills nearby both sides of blue water. It is located just beside India's Cherapunji.



**How to Go :** It is situated under Jaintiapur upzila and on the way to Jafflong. As boat is not available in the evening, it is to accomplish visiting and wandering before evening. To reach there, one has to go by Jafflong Bus from Sylhet to Sarighat. So one has to cross 35 kilometer road. It will cost Tk. 2,500-3,000 at micro and Tk.600 for boat fair.

# কুশিয়ারা নদী

কুশিয়ারা নদীর উৎস হচ্ছে মণিপুর পাহাড়ের বরাক বা বরবক্র নদী। মণিপুর পাহাড় থেকে উৎপন্ন হয়ে মণিপুর হয়ে কাছাড় জেলার ভেতর দিয়ে সিলেটে প্রবেশ করেছে কুশিয়ারা। সিলেটে এসে বরাক নদী দুই শাখায় দুটি আলাদা নামে প্রবাহিত হচ্ছে। উত্তরে প্রবাহিত স্রোতধারাকে সুরমা এবং দক্ষিণে প্রবাহিত স্রোতধারাকে কুশিয়ারা নামে ডাকা হয়। কুশিয়ারার দৈর্ঘ্য ১২০ মাইল। এ নদী মেঘনার সাথে মিলিত হয়েছে।

কুশিয়ারা বেশ কয়েকটি শাখায় সিলেটের বিভিন্ন অঞ্চলে প্রবাহিত হচ্ছে। এগুলোর নাম বিবিয়ানা, ধলেশ্বরী, খোয়াই ও কালনী।



# Kushiara River

Kushiara has been originated from Barak of Monipur hill which has entered into Sylhet through the Kachar District via Monipur. This Barak River has been divdied into twobranches in Sylhet. The flowing stream of eastward is called Surma and the flowing stream of southward is called Kushiara. It is near about 120 km long which has coincided with Meghna. It has also different branches which are known as Bibiana, Dholeshwri, Khowai, Kalni etc.





# সারি নদী

সিলেটের একটি উচ্ছ্বল নদী সারি। সাপের মতো একবেঁকে বয়ে গেছে সিলেটের বুকে। দৈর্ঘ্য ৮৫ কিলোমিটার এবং প্রস্থ ১১৯ মিটার। ভারতের মেঘালয় রাজ্যের জৈন্তা পাহাড়ের বুক চিরে নেমে এসেছে সারি নদী। কথিত আছে, এই নদী দিয়েই পর্যটক ইবনে বতুতা বাংলাদেশে এসেছিলেন। সারি নদী এতোটাই স্বচ্ছ যে এর বুকে সাঁতার কাটা কিংবা নৌকায় ঘুরে বেড়ানোর আনন্দ তুলনাহীন। দুই পাশের টিলা, পাহাড়, সবুজ বনানী, এঁকেবেঁকে চলা স্বচ্ছ জলের সারি নদী মনে-প্রাণে প্রশান্তি এনে দেয়।




# Sari River

Sari is one of the most beautiful rivers of Sylhet which has flown over as Zigzag as snake. It is near about 85 km long and 119 m wide. It has been originated from the Jainta hill of Meghalaya state of India. It is said that Ibne Batuta, a world famous traveler entered into Bangladesh via this river. Its water is so transparent that swimming and travelling by boat in this river is a matter of tremendous delectation. It brings tranquility and composure for the tourist through its natural beauty.

# গোয়াইন নদী

গোয়াইন নদীর একপাশে ঘন পাহাড়। পাহাড়ে ঘেরা এই নদীর অপার সৌন্দর্য মুগ্ধ করে পর্যটকদের। ভারতের মেঘালয় পার্বত্য এলাকা থেকে সিলেটের জৈন্তাপুর উপজেলার উত্তরাংশ দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে গোয়াইন নদী। এটি ছাতক উপজেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে ছাতক বাজারের কাছে সুরমা নদীতে পড়েছে। গোয়াইন একটি খরস্রোতা পাহাড়ি নদী, বর্ষা মৌসুমে এ নদী বিপুল পরিমাণ পলি বহন করে আনে। নদীটি ১০০ মিটার প্রশস্থ। গোয়াইন নদী থেকে প্রতিদিন শত শত শ্রমিক  পাথর ও মোটা বালি সংগ্রহ করে। জাফলং এলাকার মানুষের জীবিকা সম্পূর্ণভাবে এই নদীর ওপর নির্ভরশীল।





# Gowain River

The river Gowain has green hilly areas on its one side which fascinates tourists with its serene beauty surrounded by hill tracks. It has entered Bangladesh from the hilly area of Meghalaya of India via northward part of Jaintapur Upozilla of Sylhet. Flowing over Chatak upazila it has fallen into Surma river near the Chatak Bazar in Sunamgonj. It is a hilly river with heavy stream which carries huge amount of sediment in rainy season. It is near about 100 meter wide. Hundreds of day labourer search their livelihood by extracting sand and stone from this river. The people of Jaflong completely dependent on this river for their livelihood.



## পিয়াইন নদী

সিলেটের খরস্রোতা নদী পিয়াইন। নদীটির দৈর্ঘ্য ১৪৫ কিলোমিটার। এ নদীতে আছে অসংখ্য বাঁক। পাহাড়ি এ নদীটিতে বর্ষায় নামে পাহাড়ি ঢল। নদীটি আগাম বন্যা নিয়ে আসে সিলেটে। সে সাথে আসে প্রচুর পাথর। পিয়াইন নদী ভারতের আসামের ওম বা উমগট নদী থেকে উৎপত্তি লাভ করেছে। এটি ছাতক উপজেলায় এসে সুরমার সাথে মিলিত হয়েছে। প্রবেশ পথেই উমগট নদী দুই ভাগে বিভক্ত হয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। যার একটি শাখার নাম পিয়াইন নদী এবং অপর শাখাটি ডাউকি বা জাফলং নদী নামে সিলেটে প্রবাহিত হচ্ছে।

## Pyain River

Pyain is a torrential river with length of 145 km. It has numerous turns. In rainy season heavy hilly rainfall is happened here which brings flood inadvance as well as huge amount of stones. It has been orginated from the Ohom or Ohmget river of Asam state of India. It has been coincided with Surma in Chattak upozilla of Sylhet. In the verythreshold, the Ohom river has been divided into two branches, one of those name  is Pyaian and another is  Dawki of Jaflong.



# ডাউকি নদী

ডাউকি ভারত-বাংলাদেশের একটি আন্তঃসীমান্ত নদী। ভারতের ওম নদী থেকে উৎপন্ন হয়ে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করে ডাউকি। দৈর্ঘ্য ১০.৭৫ কিলোমিটার ও প্রস্থ ১৫০ মিটার। নদীটি হিমালয় পর্বত থেকে নেমে এসে ভারতের ডাউকি অঞ্চল দিয়ে জাফলংয়ে প্রবেশ করেছে। ভারতের মেঘালয় এবং বৃহত্তর সিলেটের উত্তরাংশের মধ্যে সীমানা রচনাকারী ডাউকি চ্যুতির নামানুসারে নদীটির নামকরণ করা হয়েছে। পাহাড়ি নদী হওয়ায় ডাউকি স্বভাবতই খরস্রোতা। বাংলাদেশের অভ্যন্তরে নদীটির গতিপথ কিছুটা আকা বাঁকা। এ নদীতে জোয়ারভাটা নেই। তবে বন্যায় পাশ্ববর্তী অঞ্চলগুলো পাবিত হয়।







# Dawki River


It is a Cross-border river of Bangladesh-India. It has been originated from Ohom river of India which has entered Bangladesh through Gowainghat Upazila. It is 10.75 km long and 150m wide. It has come down from Himalaya and entered in Jaflong via Dawki. The river has been named after the tectonic plate of Dawki that is situated at the joinig place of Meghalaya and Sylhet. It is a heavy torrential river.

# সাদা পাথরের ভোলাগঞ্জ

সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জে দেশের সবচেয়ে বড় পাথর কোয়ারি রয়েছে। জাফলং, বিছনাকান্দির পর প্রকৃতি প্রেমীদের মূল আকর্ষণ এখন ভোলাগঞ্জের সাদা পাথর। ধলাই নদীর উজানে বাংলাদেশ-ভারত সীমান্তের জিরো লাইনে এলাকাটির অবস্থান। এখানকার স্বচ্ছ জলরাশি, সবুজ পাহাড় আর নির্জনতা কাছে টানে প্রকৃতি প্রেমীদের। দূরের পাহাড়গুলোর ওপর মেঘের ছড়াছড়ি, সাথে একটা-দুটো ঝরণা। নদীর টলমলে হাঁটু পানির তলায় বালির গালিচা। চিকমিক বালু আর ছোট-বড় পাথর মিলে এখানে তৈরি হয়েছে যেন পাথরের রাজ্য। ভোলাগঞ্জের স্বচ্ছ জলরাশির সাথে সাদা পাথর ও সবুজ অরণ্য পরিবেশকে এক নান্দনিক রূপ দিয়েছে।



**কিভাবে যাবেন :** সিলেট থেকে ৩৩ কিলোমিটার দূরে ভোলাগঞ্জের অবস্থান। সরাসরি যাতায়াতের ব্যবস্থা নেই। সিলেট থেকে পাবলিক বাসে করে যেতে হবে টুকের বাজার। সেখান থেকে সিএন্ডজি চালিত অটোরিক্শা করে যেতে হবে ভোলাগঞ্জ। তবে পাথর কোয়ারিতে যেতে হলে বিজিবির অনুমতি নিয়ে নৌকায় করে যেতে হবে। নৌকার ভাড়া পড়বে ১ হাজার ৫০০ থেকে ২ হাজার টাকা।



# White Stone's
# Bholaganj



The biggest stone quarries is situated in Bholagonj under Companiganj Upazila in Sylhet District. After Jafflong and Bisnakhandi, nature lover's first attraction is Bholagonj's white stone now, at the upper area of Dholai River in the zero line of Bangladesh-India. It's transparent water calls nature lovers close to blue hills and quietness. Over the far away hills, clouds are scattered along with one or two fountains. Sand carpet exists on flowing water of river below knee level.  It is as if kingdom of stone made of together lustras sands and small big hills. White stones of Bholagonj's transparent water and blue jungle have given a captivating shape.



**How to Go :** Bholagonj is situated about 33 kilometers far away from Sylhet. There is no direct communication system to go over there. One has to go to Tuker Bazar by public bus. From there you need to take CNG auto rickshaw to go to Bholagonj. But if anyone wants to go stone quarry, he needs to go by boat taking BGB permission. Boat fare costs about Tk. 1500 -2000.







# আলোচিত গণকবর ও বধ্যভূমি

**মালনীছড়া চা বাগান :** বাগানের তখনকার ভারপ্রাপ্ত ব্যবস্থাপক শওকত নাওয়াজ ও অন্য ৯ জনকে একই জায়গায় দাঁড় করিয়ে গুলি করে হত্যা করে পাক সেনারা। বাগানের স্টাফ কোয়ার্টারের কাছেই এই বধ্যভূমি।

**খাদিমনগর শ্রমিক হত্যা :** সিলেট সদর উপজেলার খাদিমনগর চা বাগানে ১৯৭১ সালের ১৯ এপ্রিল ঘটে মর্মান্তিক ঘটনা। চা বাগানের শ্রমিকদেরকে কাজ দেয়ার কথা বলে এক জায়গায় দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হয়। এতে শহীদ হন ৬৪ শ্রমিক। নিহত শ্রমিকদের সবার পরিচয়ও উদ্ধার করা সম্ভব হয়নি। স্বাধীনতা পরবর্তী সময়ে বাগান কর্তৃপক্ষ এই শহীদদের স্মরণে বাগানের প্রবেশপথে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করেন।

**সিলেট আবহাওয়া অফিস :** একাত্তরের ৫ এপ্রিল সিলেট নগরীর শাহী ঈদগাহ এলাকায় অবিস্থত আবহাওয়া অফিসে হত্যাযজ্ঞ চালায় পাকিস্থানি সৈন্যরা। সকাল ৮টায় আবহাওয়া অফিসে ঢুকেই তারা ৯ জন কর্মকর্তা-কর্মচারীকে হত্যা করে। স্বাধীনতার পর এখানে তাদের কবরের জায়গাটিতে একটি দেয়াল নির্মাণ করা হয়।

**সিলেট সদর হাসপাতাল :** ১৯৭১ সালের ৯ এপ্রিল। সিলেট শহরে তখন ১৪৪ ধারা। সমগ্র শহরজুড়ে চললো বিমান হামলা। হামলায় আহতরা আশ্রয় নেয় হাসপাতালে। এদের চিকিৎসা করেন ডা. শামসুদ্দিন আহমদ। তার সাথে ছিলেন ডা. শ্যামলকান্তি লালসহ অন্য কর্মচারীরা। বেলা ১১টার দিকে হাসপাতালের চারদিক ঘেরাও করে গুলিবর্ষণ শুরু করে পাকসেনারা। ডা. শামসুদ্দিন আহমদ, ডা. শ্যামলকান্তি লালসহ ৭ জন রোগীকে ধরে নিয়ে যাওয়া হয় হাসপাতালের পূর্ব-দক্ষিণ কোণে। সেখানেই গুলি করে হত্যা করা হয় তাদের। এ শহীদদের স্মৃতি অমর করে রাখতে শহীদ মিনারের পাশে তৈরি করা হয়েছে স্মৃতিস্তম্ভ।

# Cemetery and Graveyard:

**Malonichara Tea Garden :** Pakistani military force killed the acting managing director Showkat Newaj along with his 9 fellow personnel simultaneously in this place. The graveyard is very near the staff quarter of the garden.

**KadhimNagar Labour Killing :** It represents the terrible incident of 19 April, 1971. All the tea laborers were called for giving job but shot dead by getting them stand in a row. Consequently 64 laborers were instantly got martyred. Many of the deceased were unidentified. In the post liberation time the authority made a monument at threshold of the garden.

**Sylhet weather office:** It was 5 April 1971, Pakistani military force started massacre in Sylhet weather office at Shahi Eidgha. It was around 8 am, they killed 9 staffs by entering Sylhet weather office . A wall was built there after liberation war as for their commemoration.

**Sylhet Sadar Hospital :** It was 9 April, 1971. Section 144 was issued in Sylhet city. The whole city was in air attack. Wounded persons took shelter in Sylhet sadar hospital. At that moment Dr. Shamsuddin Ahamd was acting there. He was accompanied by Dr Shamol kanti along with other workers. Around 11 am, Pakistani military force surrounded the Hospital from all aspects and started firing. Dr Shamsuddin Ahamd, Dr Shamol Knati and 7 patients were killed in the East-Southward of the hospital. A monument was made after the liberation war for their commemoration .



# শহীদ মিনার

চা বাগানের ফাঁকে ভোরের সূর্যের রক্তিম আলোকছটা, সাথে আবহমান বাংলার সংগ্রামী চেতনা নিয়ে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে সিলেট শহীদ মিনার। নান্দনিক শিল্পকর্মের এই স্থাপত্যে রয়েছে তিনটি স্তম্ভ। মাঝের স্তম্ভের উচ্চতা ৪৫ ফুট। তাতে বসানো হয়েছে রক্তিম সূর্য। মূল স্তম্ভের পাশাপাশি শহীদ মিনারকে ঘিরে মুক্তমঞ্চ, মহড়াকক্ষ ও প্রদর্শনী কেন্দ্র নির্মাণ করা হয়েছে। শহীদ মিনারের ডান দিকে মাটির নিচে তিন হাজার স্কয়ার ফুটের একটি সংগ্রহশালা রয়েছে। এখানে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের স্মারক, স্মৃতিচিহ্ন, বই ও আলোকচিত্র প্রদর্শন করা হয়। এ অঞ্চলের ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধের সুতিকাগার চৌহাট্টা এলাকায় সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারটি নির্মিত হয় ১৯৮৮ সালে।

## For english Text

Sylhet Shaheed Minar is standing tall with Reddish glow of morning sun through tea garden, accompanying struggling spirit of ever-continuing Bangla. This aesthetic work of art has three columns. The central column is 45 feet high, implanted in with blushing sun. In addition to the orginal pillars Muktamoncho, reherasal room and exhibition center have been built surrounding the Shaheed Minar. There is an underground museum of three thousand square feet to the right to Shaheed Minar. Tokens, books and photographs of language movement and liberation war are exhibited here. The Shaheed Minar was established in chowhatta, the nursery house of language movement and great liberation war in this region, in the year of 1988.





## চেতনা' ৭১

চেতনা' ৭১ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) মুক্তিযুদ্ধের স্মরণে নির্মিত। এ ভাস্কর্যটি সাদামাটা হলেও তাৎপর্যপূর্ণ। স্থপতি মোবারক হোসেন নৃপল এর নকশা করেন। এ ভাস্কর্যটি নির্মাণ করা হয়েছে বর্তমান সময়ের শিক্ষার্থীদের আদলে। পোশাক ও আনুষঙ্গিক উপকরণও বর্তমান সময়ের। ভাস্কর্যটিতে এক ছাত্র রয়েছে জাতীয় পতাকা উঁচুতে তুলে ধরার ভঙ্গিমায় আর এক ছাত্রীর হাতে বই, যা বাংলাদেশের সংবিধানের প্রতীক। দূর থেকে দেখলে মনে হয় খোলা আকাশের নিচে ভাস্কর্যটি নির্ভীক প্রহরীর মতো স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করার জন্য মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

## Chetona 71

Chetona 71 is situated in the Shahjalal University of Science and Technology. It has been designed by Mubarak Hossain Nripol with the demand of running students. Though it is very simple to see but it has a great significance. The sculpture displays the gesture of a male student up taking national flag in one hand and a female student with a book in another hand which denotes the constitution of Bangladesh. When it is seen from far sight, it seems to be representing a valiant guard of the sovereignty and independent of your country.




## নানকার বিদ্রোহ

নানকার বিদ্রোহ সিলেট অঞ্চলের একটি কৃষক-আন্দোলন, যা ১৮ আগস্ট ১৯৪৯ সালে সংগঠিত হয়। জমিদারের ভূমিদাসদের একটি প্রথাকে "নানকার প্রথা" বলা হতো। 'নান' ফার্সি শব্দ, এর অর্থ রুটি এবং 'কার' অর্থ যোগান বা কাজ করা; অর্থাৎ 'নানকার' শব্দটি দ্বারা বোঝানো হয় সেসব কর্মীদের যারা খাবারের বিনিময়ে কায়িক শ্রম দান করে। নানকার প্রজাদের চাষ করার জন্য বা ঘর বানানোর জন্য নিজস্ব কোনও জমি দিত না জমিদাররা। সিলেটের বিয়ানীবাজার, গোলাপগঞ্জ অঞ্চলে মারাত্মকভাবে চালু ছিল নানকার প্রথা। ১৯৩৭ সালের ঘৃণ্য নানকার প্রথা রদ ও জমিদারি ব্যবস্থার বিরুদ্ধে রুখে দাঁড়ায় মানুষ। ১৯৪৯ সালের এই দিনে বিয়ানীবাজার উপজেলার সানেশ্বর উলুউরি গ্রামের সুনাই নদীর তীরে পাকিস্থান ইপিআরের ছোড়া গুলিতে প্রাণ দেন ৬ জন। এ ঘটনার পর আন্দোলনে উত্তাল হয় সারা দেশ। অবশেষে ১৯৫০ সালে প্রবল আন্দোলনের মুখে সরকার জমিদারী প্রথা বাতিল ও নানকার প্রথা রদ করে কৃষকদের জমির মালিকানা দিতে বাধ্য হয়।

## Nankar Revolt

The mass revolt in Sylhet in the early 20th century, known as the Nankar Revolt, which occure at 18th August, 1949. The term Nankar is derived from Persian words Nan and kar. The Nan means Bread and Kar means service. So the term Nankar means earning of bread in exchange of service. Actually the Nankar Proza was such a wretched person who has no land of his own for cultivation and even constructing his home. This slavery system was popular in Beanibazar and Golapgonj Upazila at Sylhet. In 1937 people brust at revolt. At 1949, Pakistani army killed 6 people near the river of Sunai at Beanibazar. After that, the whole country raise their voice against it. Finally, the movement died down when the zamindari system was abolished in 1950 and nankars were recognised as normal raiyats guaranteeing their rights on land.


শহীদ মিনার
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস



# হাকালুকি হাওর

বাংলাদেশের বৃহত্তম হাওর হাকালুকি। এশিয়ার অন্যতম একটি মিঠা পানির এ হাওর এর বিস্তৃতি সিলেট জেলার গোলাপগঞ্জ ও ফেঞ্চুগঞ্জ উপজেলা ছাড়াও মৌলভিবাজারের কুলাউড়া, বড়লেখায়। হাকালুকি হাওরের বিশাল জলরাশির মূল প্রবাহ জুড়ি ও পানাই নদী। ২৫ হাজার হেক্টরের এ হাওরে রয়েছে ১৭০ প্রজাতির মাছ, ১২০ প্রজাতির জলজ উদ্ভিদ। হাওরের মোট ২৩৮ টি বিলের মধ্যে ২০ টি বিলকে অভয়াশ্রম ঘোষণা করা হয়েছে। শীতে হাকালুকি হাওরে বসে অতিথি পাখির মেলা। প্রায় ১৫০ প্রজাতির অতিথি পাখি আসে এ হাওরে।

**কিভাবে যাবেন :** সিলেট বাসস্টেশন হতে বাস বা মাইক্রোবাসে ফেঞ্চুগঞ্জ উপজেলায় যেতে সময় লাগবে ১ ঘন্টা। সেখান থেকে অটোরিক্সায় করে ঘিলাছড়া জিরোপয়েন্টে গেলেই দেখতে পাওয়া যাবে হাওর। সিলেট থেকে সরাসরি মাইক্রোবাস নিলে খরচ পড়বে ২০০০ থেকে ৫০০০ টাকা। দুরত্ব ২৮ কিলোমিটার। হাওরে ভ্রমণের উপযুক্ত সময় এপ্রিল-অক্টোবর পর্যন্ড়।

# Hakaluki Haor

Hakaluki is one of largest haor in Bangladesh and one of Asia's larger marsh wetland. It comprises of Golapganj, Fenchuganj under Sylhet District and Kulaura, Baralekha under Moulvibazar district. The total area of the haor is about 25000 hectre with a total of 170 species of fish, 120 species of plant. There are more than 238 beels in the haor, of which 20 beels have been declared as fish sanctuary. In winter season, Hakaluki haor appears with different beauty. Every winter thousands of migratory birds of about 150 species from Siberian and other cold countries flock to the haors.

**How to go :** Hakaluki Haor is situated about 28 kilometers far away from Sylhet. By bus or microbus one can go to Fenchuganj. It takes one hour. Then by auto rikshaw one need to go Ghilachara zeropoint. Total fare costs about Tk. 2000-5000/= April-October is perfect time for visiting hakaluki haor.



# এমসি কলেজ

মুরারিচাঁদ কলেজ (সংক্ষেপে এমসি কলেজ) দেশের পুরানো কলেজগুলো মধ্যে একটি। এটি সিলেট শহরের টিলাগড় এলাকায় অবস্থিত। কলেজটি ১৮৯২ সালে প্রতিষ্ঠিত হয় সিলেটের তখনকার প্রখ্যাত শিক্ষানুরাগী রাজা গিরিশচন্দ্র রায়-এর অনুদানে। ১৯৪৭-এর দেশ বিভাগের পূর্ব পর্যন্ত কলেজটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ছিল। দেশ বিভাগের পর এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে আসে। ১৯৬৮ সালে কলেজটি নতুন প্রতিষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয় এবং ১৯৯২ সালে বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সময় তাতে অধিভুক্ত হয়। ১২৪ একর ভূমির উপর অবস্থিত মুরারিচাঁদ কলেজের সুবিশাল ক্যাম্পাসে এখন ৯টি একাডেমিক ভবন রয়েছে। লাইব্রেরিতে ৬০ হাজারের বেশি বই রয়েছে।






## M. C. College

Murari Chand College (M C College) is one of the oldest colleges in the country. It is located at the Tilagor area of the Sylhet city. The college was established in 1892, with the help of renowned educationist Raja Girish Chandra Roy of Sylhet. The college was affiliated to the University of Calcutta until the partition of 1947. After the partition, the college became affiliated under Dhaka University in 1968. Then the college was affiliated with the newly established Chittagong University. After that, when the National University established, it became affiliated under this University in 1992. The total area of Murari Chand College is about 124 acres which covers a vast campus area with a splendid natural beauty. There are nine academic buildings in the campus. There is also a library which has more than 60 thousand books.




# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যতম। এটি শাবিপ্রবি বা সাস্ট নামেও পরিচিত। এটি এশিয়া মহাদেশের অন্যতম বড় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। প্রকৌশল শাস্ত্রে বিশেষ অবদান রাখা বাংলাদেশের শীর্ষস্থানীয় এ বিশ্ববিদ্যালয়টি ২৫ আগস্ট ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়। ক্যাম্পাসটি সিলেট শহর হতে প্রায় ৫ কিলোমিটার দূরে কুমারগাঁওয়ে অবস্থিত। বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীনে ২৮টি বিভাগ রয়েছে। বাংলাদেশের একমাত্র সার্চ ইঞ্জিন ‘পিপীলিকা’ এই বিশ্ববিদ্যালয়ের অবদান যা ২০১৩ সাল থেকে চালু হয়ে এ পর্যন্ত সফলভাবে তথ্যসেবা দিয়ে আসছে।



# Shahjalal University of Science and Technology

Shahjalal University of Science and Technology is one of the best universities among the public universities of Bangladesh. It is also known as shabiprabi or SUST. It is one of the largest science and technology universities of Asia. The University has made a special contribution in engineering sector. It was established on August 25, 1986. The campus is located at Kumargaon, about 5 kilometers away from the center of the Sylhet city. The University has 28 departments under 6 faculties.'Pipilika' the one and only Bangladeshi search engine, is the contribution of this university which has been successfully providing information services since the year 2013.





# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

কৃষি শিক্ষা প্রসারের জন্য ২০০৬ সালে সিলেট সরকারি ভেটেরনারি কলেজকে একটি অনুষদে রূপান্তর করে প্রতিষ্ঠিত হয় সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়। তিনটি অনুষদ নিয়ে যাত্রা শুরু করলেও এখন ছয়টি অনুষদ চালু রয়েছে। পাহাড়বেষ্টিত ৫০ একর এলাকায় গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয়টির মূল ক্যাম্পাস। এই কৃষি বিশ্ববিদ্যালয়ে রয়েছে ৬টি অনুষদ, ৪৭টি বিভাগ, মাঠগবেষণা কেন্দ্রসহ উন্নত ল্যাবরেটরি। এছাড়া রয়েছে একটি ভেটেরনারি টিচিং হাসপাতাল।





# Sylhet Agricultural University

For the spreading of agricultural education the Sylhet vetnirary college was promoted into Sylhet Agricultural University in 2006. Initially, the University started with three faculties, now there are six faculties. The main campus of the University has been developed in 50 acres of hilly land. The Agricultural University has 6 faculties, 47 departments, and research laboratories including field research center. There is also a veterinary teaching hospital.




# এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল

এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ ১৯৬২ সালে প্রতিষ্ঠিত হয়। কলেজে এক বছরের ইন্টার্নশিপসহ ৫ বছর মেয়াদি এম.বি.বি.এস. শিক্ষাক্রম চালু রয়েছে। ১৯৪৮ সালে সিলেট নগরীর চৌহাট্টায় সিলেট মেডিকেল স্কুল প্রতিষ্ঠা করা হয়। এরপর স্কুলটিকে কলেজে রূপান্তরের দাবিতে আন্দোলন হলে ১৯৬২ সালে পাকিস্থান সরকারের আমলে একে সিলেট মেডিকেল কলেজ নামে কলেজে উন্নীত করা হয়। ১৯৮৬ সালে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানীর নামে কলেজের নামকরণ করে 'সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ' রাখা হয়।

# M. A. G. Osmani Medical College and Hospital

M. A. G. Osmani Medical College was established in 1962. The curriculum is in progress with five year MBBS course including one-year internship in the college. In 1948, Sylhet Medical School was established in Chauhatta of Sylhet city. After the movement for the conversion of the school into college in 1962, it was upgraded to a college named Sylhet Medical College. In 1986, the college was named as Sylhet M.A.G. Osmani Medical College after the name of General Muhammad Ataul Gani Osmani, the commander-in-chief of the liberation war.



# সাতকরা

সাতকরা বা সাতকড়া লেবু জাতীয় এক প্রকার টক ফল। বৈজ্ঞানিক নাম Citrus macroptera। সাতকরা আর সিলেট নিবিড়ভাবে জড়িত দুটি নাম। সাইট্রাস গোত্রের অন্তর্ভুক্ত এ ফলের গাছ লেবুগাছের মতো কাঁটাভরা। লম্বায় ২০ থেকে ২৫ ফুট হয়। ফাল্গুন মাসে ফুল আসে। জ্যৈষ্ঠ-আষাঢ়ে ফল হয়। সিলেট ছাড়াও এর প্রচুর চাহিদা রয়েছে ভারতের আসাম ও মেঘালয়ে।

সিলেটের জৈন্তাপুর, গোয়াইনঘাটের জাফলং ছাড়াও এখানকার পাহাড়-টিলায় সাতকরার চাষ হয়। প্রচুর ভিটামিন সি, ক্যালসিয়াম ও ফসফরাস সমৃদ্ধ এই ফলের গাছ ওষুধি গাছ হিসেবেও ব্যবহৃত হয়ে থাকে। স্বাদে-গন্ধে অনন্য সাতকরা মুখরোচক সবজি হিসেবে সিলেটের সর্বত্র সমাদৃত। হালকা টক ও তেতো সাতকরা মাছ, মাংস ও ডালের সঙ্গে রান্নায় ভিন্ন মাত্রা তৈরি করে। সিলেটের বিখ্যাত খাবার সাতকরা দিয়ে রান্না করা গরুর মাংস। ছোট মাছ রান্নায়ও অনেক সময় স্বাদের বৈচিত্র্য আনতে ব্যবহার করা হয় সাতকরা।

# Satkora

## (one of the citgrus fruit)

Satkora is a acetous fruit like lemon. The scientific name of it is Citrus Macroptera. Satkora and Sylhet are two closely related names. Originated from citrus Species the tree is thorny ones like lemon tree. Usually, these kinds of trees grow up to 20-25 feet. It blooms in the bangla month Falgun and fruits are seen in Joistha-Ashar (month). Besides Sylhet, it has a great appeal in Asham and Meghalaya state of India. It is also grown in Jaintia, Gowainghat, Jaflong and many local hill tracks. It has an excellent taste and smell. That's why people of Sylhet love to have it in their Species. Because, it adds to much taste with fish, lentils and meat. But in Sylhet, it is famous for beef-satkora curry to local people.



# রসালো কমলা

শীত আসলেই সিলেটজুড়ে চলে কমলার রাজত্ব। 'সুখ্যাতি' খাসিয়াপুঞ্জিতে উৎপাদিত কমলার নাম। এ কমলার চাহিদা এতোই যে তা রপ্তানি হয় দেশের বাইরেও। প্রতিবছর সিলেটে প্রায় ৩শ ৮৫ হেক্টর জমিতে কমলার বাণিজ্যিক চাষ হয়। বাগানের সংখ্যা ১শ ৫৭টি। বিয়ানীবাজার, গোলাপগঞ্জ, জাফলং, গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলায় কমলার ফলন হয় সবচেয়ে বেশি। কমলা গাছ লম্বায় প্রায় ৩০ ফুট হয়। কমলা স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। এতে ভিটামিন সি ও ক্যালসিয়াম ছাড়াও বিটা ক্যারোটিন ও অ্যান্টি-অক্সিডেন্ট রয়েছে। এক একটা পুরানো কমলা গাছে বছরে তিন থেকে সাড়ে চার হাজার কমলা ধরে।

## Succulents Orange

Sylhet is the city of two leaves and one bud for the enormous production of tea. Besides this, it is a well-known city for orange. In winter season, we see the ampleness of orange in Sylhet. But the orange which are produced in khasiaPunji has a huge glorification. And for that reason, it is exported in every year. Commercially, about 385 hectres land are allocated for the cultivation of orange. There are 157 orange gardens in Sylhet. Orange are produced in Biyanibazar, Golapgonj, Jaflong, Gowainghat and Companigonj. The height of orange tree is measured about 30 feet. In addition to, oranges are conducive to health. We get Vitamin C, Calcium Beta Carotene and anti –oxidant from orange.  We get three thousands to four thousands orange from an old orange–tree every year.

# পান-সুপারি

পান আর সুপারির জন্য বিখ্যাত সিলেট। বহু বছর ধরে এখানে পান সুপারি চাষ হয়। জানা যায়, ১৯৮৮ সালের ভয়াবহ বন্যার তোড়ে সিলেটের সংগ্রামপুঞ্জিসহ কয়েকটি পুঞ্জির প্রায় ৪০ ভাগ বাড়িঘর ভেসে যায়। তখন জুমে প্রচুর পান চাষ হতো।  এখন এসব পুঞ্জিতে খাসিয়া সম্প্রদায়ের ৩ শ'র বেশি পরিবার বসবাস করছে। তাদের জীবিকা নির্বাহের প্রধান উৎস জুম চাষ। জুমে পান আর সুপারি চাষ করা হয়। পান বাঁধাইয়ের কাজ করে অনেক নারী শ্রমিক সাবলম্বি।

## Betel Leaf and Nuts

Though the betel leaf and nuts is injurious to health, it plays an important role in our economy. Actually, Sylhet is famous for it. It is cultivated in Sylhet for many years. It is known to us that about 40% houses were vanished along with Sangram Punji of Sylhet by the devastating flood of 1988. In that time, many betel leaves were cultivated as a part of Jhum Cultivation. But now, about three hundred people of Khasia (tribal) community have been living here. Their main source of income is Jhum Cultivation. In it, Betel Leaf and Betel Nuts are cultivated. By doing this, many local women are self-dependent now.







# চা

পাহাড়ের গা জুড়ে চায়ের বাগান। বিভিন্ন প্রাকৃতিক সৌন্দর্যে সিলেট সমৃদ্ধ হলেও প্রকৃতিপ্রেমীদের কাছে অন্য এক ভালোলাগার ধারক সিলেটের চা বাগান। সিলেটে চা বাগান আছে মোট ২০ টি। উপমহাদেশের প্রথম চা বাগান মালনীছড়া এই সিলেটেই অবস্থিত। মালনীছড়া দিয়েই চা শিল্পের গোড়াপত্তন হয় ১৮৫৭ সালে। চা এর ইংরেজি শব্দ 'টি' যা  গ্রীকদেবী থিয়ার নামানুসারে হয়।

চা মৌসুমী অঞ্চলের পার্বত্য ও উচ্চভূমির ফসল। আলাদা বীজতলায় চা চারার চাষ করার পর এগুলো ২০ সেন্টিমিটার দীর্ঘ হলে দেড় মিটার পরপর গাছগুলো লাগানো হয়। এক একটি গাছ বেঁচে থাকে ৩০-৪০ বছর। চা চাষের জন্য বছরে ১৭৫ থেকে ২৫০ সেন্টিমিটার বৃষ্টিপাত দরকার। বাংলাদেশের চা রপ্তানি হয় ২৫টি দেশে। চা উৎপাদনের দিকে বাংলাদেশ অষ্টম।

# Tea

There are many tea gardens in the slopes of  the hills. Among different natural beauties tea gardens are unique attraction to naturists. There are 20 tea gardens in Sylhet .The first tea garden of this sub-continent is situated at Malnicherra of Sylhet. The tea industry started its journey with the establishment of Malnicherra. 'Tea' is the English name of Cha. This was named after the Greek goddess Thea.

Tea is grown in mountainous area and highland of seasonal territory. The plants of tea are cultivated in different seed-bed and then they are sown when they are about 20 cm. The life-span of each tea tree is about 30-40 years. About 175-250 cm rainfall is compulsory for the cultivation of tea-plants. We export it in 25 countries. Bangladesh has secured the 8th position in tea-production in the world.



## লটকন

টক-মিষ্টি এ ফলটি সিলেটে 'ভুবি' নামে পরিচিত। সিলেট অঞ্চলে প্রচুর পরিমাণ লটকন উৎপাদিত হয়। একটি লটকন গাছ ৯ থেকে ১২ মিটার লম্বা হয়। পুরুষ এবং স্ত্রী গাছ আলাদা। হলুদ রঙের এই ফলের আকার দুই থেকে পাঁচ সেমি। থোকায় থোকায় যখন ধরে মনে হয় হলুদ ফুলে ছেয়ে আছে গাছ। লটকনের বেশ কয়েকটি আঞ্চলিক নাম আছে যেমন: কানাইজু, লটকা, লটকাউ ইত্যাদি। লটকনে প্রচুর ভিটামিন বি-২, ভিটামিন-সি এছাড়াও ক্যালসিয়াম, ফসফরাস, লৌহসহ বিভিন্ন খনিজ রয়েছে।

## Longan (Burmese Grape)

In Sylhet ,Longan is a well-known fruit and people know it as Vubi. It has sweet-sour taste. A number of Longans are produced in Sylhet region. The height of Longan tree is about 9-12 meter. Male and female trees are different. The color of this fruit is yellow and the size is about 2-5 cm. It looks like yellow flowers in the tree when this fruit are grown in bundles. It have many dialectic names. For example: Kanaiju, Lotka,Lotkau etcetera. Besides Calcium, Phosphorous, Iron; we get Vitamin B2, Vitamin C from it.

## লুকলুকি

লুকলুকি সিলেটের আরও একটি টক ফল। পাকলে এর রং লালচে বেগুনি হয়ে যায়। ফলের শাঁসের রং গোলাপি সাদা বা হালকা বাদামি। খোসাসহ পুরো ফলই খাওয়া যায়। ফলটির পূর্ণ স্বাদ পেতে খাওয়ার আগে এটি টিপে তুলতুলে করে খেতে হয়। লুকলুকির ইংরেজি নাম 'কফি প্যান্ট'। লুকলুকি দিয়ে ভালো জুস তৈরি করা যায়। লুকলুকির গাছটা অদ্ভুত চরিত্রের। গাছটির গোড়া থেকে মোটা কাণ্ডের সারা গা ভরে থাকে বড় বড় কাঁটায়। তাই গাছে ওঠা ও ফল পাড়ার কথা কেউ চিন্তাই করে না।

## Lukluki

Lukluki is the name of another sour-fruit in Sylhet. It looks like red-violet color when it is ripped. The inner color of this fruit is pink-white and slight brown. One can take whole fruit without decorticating it .Before eating, this fruit is required to be flabby by pressing in order to get full taste. The English name of Lukluki is “Coffee Plant”. From Lukluki, we can make excellent juice. It is a very strange tree owing to the thorns of every part of it. It is needless to think to climb up and to get the fruit from it by hand.



# জলঢুপি আনারস

সিলেটের বিয়ানীবাজারে একটি জায়গার নাম জলঢুপ। এ এলাকায় প্রচুর আনারসের ফলন হয় আর সেগুলো জলঢুপি আনারস হিসেবে পরিচিত। উপমহাদেশে প্রথম আনারস নিয়ে আসে পর্তুগিজ বণিকরা ১৫৪৮ সালে। আমাদের দেশে আনারসের বিস্তার শুরু হয় আসাম ও মণিপুর দিয়ে। এখন সিলেটে প্রচুর আনারসের ফলন হচ্ছে। আনারসের বৈজ্ঞানিক নাম Ananas satiuvs. সিলেটের হানিকুইন জাতের জলঢুপি আনারস আকারে বেশ ছোট হলেও স্বাদ খুব মিষ্টি। জলঢুপি পাকা আনারস লালচে ও ঘিয়ে সাদা রঙের হয়ে থাকে। চোখ প্রশস্ত। গড় ওজন এক থেকে দেড় কেজি। পাতা বেশ চওড়া ও ঢেউ খেলানো। আনারসে প্রচুর পরিমাণ ভিটামিন এ, সি, ক্যারটিন, ক্যালসিয়ামসহ বিভিন্ন পুষ্টিমান রয়েছে।



# Joldupi Pineapple

Joldupi is the name of a place of Biyaani Bazar in Sylhet. The production of Pineapple is ample in Joldupi and for that reason; the very name of Pineapple is Joldupi Pineapple. In 1548, the merchant of Portuguese brought the first plant of Pineapple in this sub-continent. After that, in our country; Pineapple had come from Asham and Monipur(two states of India). The scientific name of Pineapple is AnanasSativa. In Sylhet , we see the small size of Haniqueen Pineapple but it is very tasty. Usually, the color of Joldupi Pineapple is slight-red and whitish when it is ripe. The average weight of this kind of Pineapple is 1-1.5 kg. The leaf of Pineapple is wide and choppy. From this fruit, we get plenty of vitamins, such as; vitamin A, Vitamin C,Carotene as well as Calcium.



# তৈকর

তৈকর সিলেট অঞ্চলের জনপ্রিয় আদি টক ফল। সিলেটের পাহাড়ি এলাকার নিকাশযুক্ত অম্লীয় মাটিতে তৈকর উৎপাদিত হয় প্রচুর পরিমাণে। কেউ কেউ তৈকরকে থৈকোলও বলে থাকে। কাঁচা অবস্থায় এ ফলের রং গাঢ় সবুজ, পাকলে হয় হলদে। তৈকর গাছে বছরে দুবার ফল আসে। গাছপ্রতি তিনশ' থেকে সাড়ে তিনশ' ফল ধরে। প্রতিটি ফল সাতশ' থেকে সাড়ে সাতশ গ্রাম ওজনের হয়ে থাকে। তৈকর স্কার্ভি রোগ নিরাময়ে কাজ করে। তৈকর দিয়ে তৈরি হয় আচার, জ্যাম, জেলি।

# Toikor

Toikor is a popular ancient sour fruit of Sylhet. It is prolifically produced in the acidic soil of hill tracks of Sylhet region. It is also called "Toikol" by someone. When it is tender, it is shown deep green color and yellow, when it is ripen. It gives fruit twice in a year. Near about 300-350 fruits are found per tree. Each and Every fruit is weighed 700-750 mg. It is used in the treatment of scurvy disease.Jelly,Jam, Pickles are made of



# জাম্বুরা

'জাম্বুরা' লেবু প্রজাতির এক প্রকার ফল। বাংলায় এর আরেক নাম 'বাতাবিলেবু'। পুমেলো, জাবং বা শ্যাডক নামেও ডাকা হয় বিভিন্ন অঞ্চলে। সিলেটের মাটি ও আবহাওয়া জাম্বুরা চাষের উপযোগী। সিলেটের প্রায় প্রতিটি বাড়িতেই রয়েছে জাম্বুরার গাছ। ফাগুন মাসে জাম্বুরা গাছে ফুল আসে। আর পাকে ভাদ্র-আশ্বিন মাসে।

# Jambura

It is one kind of lemon species' fruit which has another name called 'Batabi Lebu'. It is also called 'Pumelo', 'Jbong', 'Shadok' in different regions . The soil and weather of Sylhet are favorable for the cultivation of Jambura. There is Jambura tree near about each and every house and home of Sylhet . It gives buds of fruit in the month of Falgun and get ripen in Vadro- Ahwin .

# মাল্টা

সিলেটের জৈন্তাপুরসহ বিভিন্ন জায়গায় চাষ হয় মাল্টার। পাহাড়ি এলাকায় মাল্টা ভালো হয় বলে দিনে দিনে এটি ভীষণ জনপ্রিয় হয়ে উঠছে। মাল্টার রস দিয়ে তৈরি হয় জ্যাম জেলি। মাল্টা গাছ বছরে আড়াইশ' থেকে তিনশ করে ফল দেয়।

# Malta

Malta is cultivated in the different region of Sylhet along with Jaintiapur. It is grown well in the hilly region. It is getting popular day by day. Each and every Malta tree gives 250-300 fruits per year. Its juice is used to produce jelly , jam etc.





# লেবু

লেবু উৎপাদনে সিলেটের তুলনা নেই। সিলেট জেলা তো বটেই গোটা বিভাগেই লেবুর চাষ হয়। লেবুচাষকে কেন্দ্র করে এ অঞ্চলে লেবু প্রক্রিয়াজাত কারখানা স্থাপন করে লেমন জুস, সিরাপ, সাইট্রিক অ্যাসিড, আচারসহ নানা ধরনের ভোগ্যপণ্য উৎপাদন করা সম্ভব।

# Lemon

Sylhet is incomparable in lemon production. Lemon is cultivated not only in Sylhet district but also in whole Sylhet division. It is possible to produce different consumer goods like juice, syrap, citric acid and so on by establishing a lemon processing factory on the basis of this lemon cultivation .



# মহাপ্রভূ শ্রী চৈতন্যদেবের বাড়ী

বৈষ্ণব ধর্মের প্রবর্তক শ্রী চৈতন্যদেবের পূর্বপুরুষের বাড়ী তাঁরই নামে খ্যাত মন্দির। তেরো ধাপ সিড়ি ভেঙে উপরে উঠলে মন্দিরপ্রাঙ্গণ। প্রথমেই সিংহদ্বার। বামদিকে পাশাপাশি পাঁচটি ছোট মন্দির। এগুলোর নাম হল- নাট মন্দির, দোল মন্দির, রাম মন্দির, শ্রীমন্দির আর ভোগ মন্দির। এখানে দোল মন্দিরই মূল মন্দির। পঞ্চদশ শতাব্দীতে শ্রী চৈতন্য ছিলেন বাংলার একজন সর্বশ্রেষ্ঠ সংস্কারক। তিনি ২৫ বছর বয়সে গৃহত্যাগ করে সন্ন্যাসী হন। জাতিভেদ প্রথার বিরুদ্ধে তিনি প্রতিবাদ করেন। ৮৯১ বঙ্গাব্দের ২৩ ফাল্গুন পূর্ণিমা তিথিতে তিনি জন্মগ্রহণ করেন।



# Mahaprabhu **Sri Chaitannaya Dev** Temple

The founder of Vaishnavism Sri Chaitannaya Dev's ancestors' house is a famous temple which was named after his name. The terrace of the temple is found after stepping thirteen steps of the stairs. At the front, there is the main gate of the temple, and on the left side, there are five small temples side by side. They are 'Nat Mandir', 'Dool Mandir', 'Ram Mandir', Sri Mandir' and 'Vug Mandir'. Among those temples, 'Dool Mandir' is the main temple. Sri Chaitannay Dev was one of the greatest reformers of Bengal in the fifteen century. At the age of twenty-five, he became a monk after leaving home. He protested against caste system. He was born in a Falgun Purnima Thithi in the year 891 BC.



# গোবিন্দ চন্দ্র দেব

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব ১৯০৭ সালের ১ ফেব্রুয়ারি সিলেটের বিয়ানী বাজারের লাউতা গ্রামে জন্মগ্রহণ করেন। যিনি জি সি দেব নামেই বেশি পরিচিত। জি সি দেবের পূর্বপুরুষ গুজরাট থেকে সিলেট এসেছিলেন। ১৯২৫ সালে বিয়ানীবাজার ইংরেজি উচ্চ বিদ্যালয় থেকে প্রথম বিভাগে এন্ট্রাস পাশ করেন। কলকাতার রিপন কলেজ থেকে ১৯২৭ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯২৯ সালে কলকাতা সংস্কৃত কলেজ থেকে ব্যাচেলর অব আর্টস ও ১৯৩১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে দর্শন শাস্ত্রে মার্স্টাস সম্পন্ন করেন। জি সি দেব ১৯৪৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ১৯৫৩ সালে শিক্ষক হিসেবে যোগ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে। ১৯৮৫ সালে মরণোত্তর একুশে পদক ও ২০০৮ সালে মরণোত্তর স্বাধীনতা পুরস্কার পান। ১৯৭১ সালের ২৬ মার্চ প্রথম প্রহরে পাক হানাদারবাহিনী তাকে হত্যা করে।

# Dr. Govinda Chandra Dev

Dr. Govinda Chandra Dev, known as G. C. Dev, was a Professor of Philosophy at the University of Dhaka. He was born on 1 February, 1907 in the village of Lauta in Biyani Bazar, Sylhet . His ancestors came from Gujrat (India) to Sylhet at the 5th century. He passed Matriculation with first class in 1925 from Biyani Bazar English High School and Intermediate in 1927 from Kolkata Ripon College. He completed his BA (Hons) in Philosophy from the Calcutta Sanskrit College in 1929, and MA in Philosophy from the same Alma Mater. Dr. Dev completed his PhD in Philosophy from Calcutta University in 1944. In 1953, he was joined in the Department of Philosophy and Psychology, Dhaka University. Bangladesh government awarded him Ekushe award in 1985 and Independence award in 1908 posthumously to the late Dr. Dev. He was brutally murdered by the Pakistani Army on the fateful night of March 25, 1971.


# এমএজি ওসমানী

জেনারেল মুহম্মদ আতাউল গণি ওসমানী বাংলাদেশ সশস্ত্রবাহিনী এবং মুক্তিযুদ্ধে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি। ১৯১৮ সালের ১ নভেম্বর সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক বাড়ি সিলেটের বালাগঞ্জ উপজেলার দয়ামীরে। ১৯৩৯ সালে দেরাদুনে ব্রিটিশ ভারতীয় সামরিক একাডেমী থেকে সামরিক কোর্স সম্পন্ন করে রাজকীয় বাহিনীতে কমিশন্ড অফিসার হিসেবে যোগ দেন ১৯৪০ সালে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে তিনি বার্মা রণাঙ্গনে যুদ্ধ করেন।

১৯৪৭ সালে দেশ বিভাগের পর পাকিস্থান সেনাবাহিনীতে যোগ দেন এবং পরদিনই লেফটেন্যান্ট কর্নেল পদে উন্নীত হন। এমএজি ওসমানী ১৯৭০ সালে আওয়ামী লীগে যোগদান করেন। সত্তরের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে তিনি পাকিস্থান জাতীয় পরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগরে অস্থায়ী বাংলাদেশ সরকার গঠিত হলে ওসমানী বাংলাদেশ সশস্ত্রবাহিনী ও মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত হন। স্বাধীনতার পর ১৯৭১ সালের ২৬ ডিসেম্বর তিনি বাংলাদেশ সশস্ত্রবাহিনীর জেনারেল পদে উন্নীত হন। তার স্মরণে ঢাকায় রয়েছে 'ওসমানী স্মৃতি মিলনায়তন' ও 'ওসমানী উদ্যান'। সিলেটে রয়েছে জাদুঘর, মেডিকেল কলেজ হাসপাতাল ও আন্তর্জাতিক বিমানবন্দর।

# General M. A. G. Osmani

M. A. G. Osmani was the commander -in- chief of the Bangladesh Arm Forces and Freedom forces during the War of Independence in 1971. He was born in Sunamganj District on 1 November 1918. But; his ancestral home was situated at Doyamir under Balaganj Upzila of Sylhet District.



After succeeding Federal Public Service Commission's examination in 1939, he completed his military course from British-Indian Academy which was under British Government in Deradune, India. He joined in Royal Forces as Commissioned Officer in 1940. During the world war II, he fought in Barma Battle.

In 1947, after the partition of India and Pakistan; he joined in Pakistan Army and the following day he joined, he was promoted to acting Lieutenant Colonel. Later, he joined in Bangladesh Awami league in 1970. In the general election of 1970, he was nominated from Awami league and had been elected as a member of National Assembly. Afterthat, when the Mujibnagar Government was formed in 17 April 1971; M.A.G. Osmani was appointed as the Chief Commander of Bangladesh Arm Forces and Freedom Fighters (MuktiBahini). After the liberation war, he was ascended as the General of Bangladesh Army in 26th December, 1971. Osmani Uddan, Osmani Memorial Hall were named after him. In addition to, a museum, a medical college and an international airport are established in remembrance of his name.



# হেনা দাস

হেনা দাস শিক্ষাবিদ, রাজনীতিক ও নারী নেত্রী। ১৯২৪ সালের ১২ ফেব্রুয়ারি সিলেট শহরে জন্ম নেন। হেনা দাস ১৯৪০ সালে সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ম্যাট্রিকুলেশন, ১৯৪২ সালে সিলেট মহিলা কলেজ থেকে আই.এ এবং ১৯৪৭ সালে বি.এ পাস করেন। ১৯৬৬ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় এম.এ ডিগ্রি লাভ করেন। ছাত্র জীবনেই হেনা দাস স্বদেশী আন্দোলন এবং পরে ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলন ও সশস্ত্র বিপ্লবী আন্দোলনে যোগ দেন। ১৯৩৮ সালে তিনি নিখিল ভারত ছাত্র ফেডারেশনের সদস্য হন।

হেনা দাস ১৯৪২ সালে কমিউনিস্ট পার্টির সদস্যপদ লাভ করেন। পাকিস্থান আমলে কমিউনিস্ট পার্টি নিষিদ্ধ ঘোষিত হলে হেনা দাস দশ বছর আত্মগোপনে থাকেন। ১৯৪৮-৪৯ সালে হেনা দাস সিলেটের নানকার কৃষক আন্দোলনে যোগ দেন এবং চা বাগানের নারী শ্রমিকদের সমন্বয়ে ট্রেড ইউনিয়ন গড়ে তোলেন। ১৯৬৯ সালের গণঅভ্যূত্থানে তিনি 'মহিলা সংগ্রাম পরিষদ' গঠন করেন। ১৯৭০ সালে তিনি বাংলাদেশ মহিলা পরিষদে যোগ দেন। উজ্জ্বল স্মৃতি, আমার শিক্ষা ও শিক্ষকতা জীবন, স্মৃতিময় দিনগুলো, নারী আন্দোলন ও কমিউনিস্ট পার্টির ভূমিকা, স্মৃতিময়-৭১, পঞ্চম পুরুষ এবং তাঁর আত্মজীবনী চারপুরুষের কাহিনী হেনা দাসের উল্ল্যেখযোগ্য কিছু বই। বহুমাত্রিক অবদানের জন্য তিনি রোকেয়া পদক ও ঘাতক দালাল নির্মূল কমিটি, আহমদ শরীফ ট্রাস্টসহ বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান থেকে পদক ও সম্মাননা লাভ করেন। ২০০৯ সালের ২০ জুলাই হেনা দাস মারা যান।

# Hena Das

Hena Das was an educationist, politician and women leader. She was born on 12 February, 1924 in Sylhet. She passed Matriculation from Sylhet Agragami Girls' high School in 1940, I.A. and B.A. from Sylhet Womens' College respectively in 1942 and 1947. She obtained M.A. degree in Bangla from Dhaka University. Right from her student life, Hena Das participated in Swadeshi Andolon (Native movement) and later Independence Movement against British and Armed Revolutionary Movement. In 1938, she became a member of 'Nikhil Bharat Chatra Federation' (All India students' Federation). Hena Das obtained membership of Communist Party in 1942. Communist Party was banned during Pakistan period and she absconded herself for 10 years. She joined in the movement of Nanker Farmers of Sylhet, in 1948-1949 and built up Trade Union with the collaboration of women labourers. She built "Mohila Songram Parishad" in the mass upsurge in 1969. In 1970, she joined "Bangladesh Mohila Parishad". Some mentionable books of Hena Das are "Ujjal Sriti", "Amar Shikka", "Shikkokota Jibon" and "Sritimoy Dingulo", "Nari Andolon", "Communist Partir Bhumika", "Sritimoy-71", "Pancham Purush", "Charpurusher Kahini" and her autobiography. For her multifarious contribution, Hena Das was awarded "Rokeya Medal" and veneration and medals from different non-govt. organizations including "Ghatok Dhalal Committee" and "Ahmed Sharif Trust".



# সালমান শাহ

সালমান শাহ ৯০ দশকের বাংলা চলচ্চিত্রের এক ধুমকেতুর নাম। যিনি হঠাৎ করে এসে বাংলা চলচ্চিত্রের দর্শকদের মন জয় করে খুব তাড়াতাড়ি বিদায় নেন। সালমান শাহর জন্ম ১৯৭১ সালে ১৯ সেপ্টেম্বর। প্রকৃত নাম শাহরিয়ার চৌধুরী ইমন।

# Salman Shah

The name of Salman Shah is a comet's name for Bangla Film Industry during 1990's decade. Appearing swiftly in Bangla Film Industry and conquering the audience interest, he passed away promptly. One of the best actors, Salman Shah was available during 1990's in Bangladesh and born on 19 February, 1971. His actual name was Shahriar Chowdhury Emon. Though he started his acting life through TV drama, later he became a congratulated artist. In 1993, his first Cinema, "Keyamot Teke Keyamot" was released. After that the outstanding film star did not look back. During his acting merely four years, he acted on 27 films. All of the films were commercially profitable.He passed away mysteriously on 6 September, 1996.

টেলিভিশন নাটক দিয়ে তার অভিনয় জীবন শুরু হলেও পরে বাংলা চলচ্চিত্রে একজন জননন্দিত শিল্পী হয়ে ওঠেন তিনি। ১৯৯৩ সালে সালমান শাহ অভিনীত প্রথম চলচ্চিত্র 'কেয়ামত থেকে কেয়ামত' মুক্তি পায়। তারপর আর ফিরে তাকাতে হয়নি সাড়া জাগানো এ চলচ্চিত্র অভিনেতাকে। মাত্র চার বছরের চলচ্চিত্র জীবনে ২৭টি ছবিতে অভিনয় করেছেন। যার প্রায় সবগুলো ছবিই ব্যবসা সফল হয়। ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর রহস্যজনক ভাবে মারা যান সালমান।

# শাপলার রাজ্য ডিবি হাওর

সিলেটের জৈন্তাপুর উপজেলার ডিবির হাওর। সিলেট থেকে ৪২কিলোমিটার রাস্তা পেরুলেই বিজিবি ক্যাম্পের পাশে এই হাওরে নৌকা নিয়ে ঘুরে বেড়াতে খরচ পড়বে ৩০০-৪০০ টাকা।



# **Dibir Haor** Full of Water Lily

Thousands of red water lily bloom in Dibir Haor of Jaintapur Upzila. It is 42km away from Sylhet near BGB camp. It will cost about Tk. 300-400 for boat riding in the Haor.





জেলা ব্র্যান্ডিং বিষয়ক ভিডিও কনফারেন্স
Vedio Conference on District Branding



জেলা ব্র্যান্ডিং বিষয়ক কর্মশালা
Workshop on District Branding




বিছনাকান্দিতে পর্যটন সহায়তা কেন্দ্র
Tourist Help Desk at Bichnakandi




জাফলংয়ে পর্যটকদের জন্য তথ্য বোর্ড
Information Board for Tourist at Jaflong

## বিমান সার্ভিস

১. বাংলাদেশ বিমান
২. ইউএস বাংলা
৩. নভো এয়ার

## Air Service

1. Bangladesh Biman
2. US Bangla
3. Novo Air





## ট্রেন সার্ভিস

**সিলেট হতে ঢাকাগামী**

১. জয়ন্ডিকা এক্সপ্রেস
২. পারাবত এক্সপ্রেস
৩. উপবন এক্সপ্রেস
৪. কালনি এক্সপ্রেস
৫. সুরমা মেইল

**সিলেট হতে চট্টগ্রামগামী**

১. পাহাড়িকা এক্সপ্রেস
২. উদয়ন এক্সপ্রেস
৩. জালালাবাদ মেইল

## Train Service

**Sylhet-Dhaka**

1. Jaintika Express
2. Parabat Express
3. Upaban Express
4. Kalni Express
5. Surma Express

**Sylhet-Chittagonj**

1. Paharika Express
2. Udayan Express
3. Jalalabad Express

## বাস সার্ভিস

১. শ্যামলী
২. হানিফ
৩. এনা পরিবহণ
৪. মামুন  পরিবহণ
৫. সোহাগ পরিবহণ
৬. গ্রীনলাইন পরিবহণ
৭. এস. আলম সৌদিয়া
৮. লন্ডন এক্সপ্রেস

## Bus Service

1. Shamoli
2. Hanif
3. Ena Poribahon
4. Mamun Poribahon
5. Sohag Poribahon
6. Green Poribahon
7. S. Alam Saudia
8. London Express






## পর্যটন মোটেল সিলেট

সরকারী আবাসন হিসাবে অধিকাংশ পর্যটকের প্রথম পছন্দ পর্যটন কর্পোরেশনের হোটেল/মোটেল। সিলেট পর্যটন মোটেল শহর থেকে মাত্র ৩-৪ কি.মি দূরে এয়ারপোর্ট রোডে অবস্থিত।

**কক্ষের সুবিধাবলী :** সকালের নাস্তা, টেলিভিশন, টেলিফোন, গরম এবং ঠান্ডা পানির ব্যবস্থাসহ অন্যান্য সুবিধা।

**আবাসিক কক্ষ:** এসি কুইন বেড/ নন এসি টুইন বেড, কনফারেন্স হল, (১৫০ আসন বিশিষ্ঠ) এবং ড্রাইভার বেড।

ফোন : ০১৭৯৫-৫৯৪৭৯০
রুম ভাড়া : ৬,৫০০-৪৫,০০০ টাকা ।





## Parjaton Motel

Being government accomodation facility, most of tourist prefer the hotels/motels of Parjaton Corporation. Sylhet Parjaton Motel is situated on airport road which is 3-4km away from main city.

**Room Facilities:** Breakfast, Lunch, Dinner, hot and cold water for bath, telephone, television along with all mordern facilities

Phone : 01730-712600
Room Rent : Tk. 6,500-45,000



## নাজিমগড় রিসোর্ট

সিলেটের খাদিমনগরে এক নির্জন জায়গায় গড়ে তোলা হয়েছে নাজিমগড় রিসোর্ট। শহর থেকে এর দূরত্ব ৭ কিলোমিটার। সিলেট-জাফলং মহাসড়কের পাশেই অবস্থিত এই জমকালো রিসোর্টটি প্রায় ৬ একর জায়গার উপর গড়ে উঠেছে। পাহাড়ের ঢেউ দেখার দারুণ এক জায়গা এই নাজিমগড় রিসোট । ১৫টি কটেজ দ্বারা সমৃদ্ধ এই রিসোর্টে আছে বিশাল এক বাগান, সুইমিং পুল, পিকনিক ও ক্যাম্পিং স্পট। নাজিমগড়ের পর লালাখালের সারি নদীর কাছে আরো দুটো রিসোর্ট রয়েছে - নাজিমগড় ওয়াইল্ডারনেস রিসোর্ট এবং নাজিমগড় নেচার পার্ক।

ফোন : ০১৭৩০-৭১২৬০০

রুম ভাড়া : ৬,৫০০-৪৫,০০০ টাকা।





## Nazimgarh Resort

Nazimgarh Resorts is a premier hotel and resort built in a serene area of Sylhet city. It is just 7 kilometers away from the center of the City. Set on six acres of landscape hillside, near Sylhet- Jaflong road, it is a self-contained island of tranquility amidst lush green foliage surrounded by hills, mountains and rivers. There are 15 cottages with a large swimming pool and camping spot. Apart of Nazimghar two more resort were built near Sari river at Lalakhal named Nazimghar Wilderness Resort and Nazimghar Nature Park.

Phone : 01730-712600

Room Rent : Tk. 6,500-45,000







## শুকতারা রিসোর্ট

সিলেটের খাদিম জাতীয় উদ্যান এলাকায় টিলার চূড়ায় অবস্থিত শুকতারা রিসোর্ট। ১৪ একর জায়গাজুড়ে এই রিসোর্টটির মোট কটেজ সংখ্যা ১১টি। শহরের কোলাহল থেকে দূরে এসে প্রকৃতির নিবিড় ছায়ায় থাকতে চাইলে শুকতারায় থাকা যায়। শহর থেকে মাত্র ২০ কিলোমিটার দূরে রিসোর্টটি অবস্থিত।

ফোন : ০১৭৬৪-৫৪৩৫৩৫

রুম ভাড়া : ৬,০০০-৮,৫০০ টাকা।





## Shuktara resort

Shukhtara resort is located on the tila of Khadimnagar national forest. There are 11 cottages containing 14 acre of land. Retreat in the Hills only 20 km away from the chaos, noise and pollution of the city.


Phone : 01764-543535

Room rent : Tk 6,000-8,500

# সিলেট সার্কিট হাউস




সিলেট সার্কিট হাউস








## এক্সেলসিয়র সিলেট হোটেল এন্ড রিসোর্ট

সিলেট শহর থেকে মাত্র নয় কিলোমিটার দূরে খাদিমপাড়ায় তিনটি টিলার সমন্বয়ে গড়ে উঠেছে এই রিসোর্ট। প্রায় ষাট কেদার তথা সতের একর জায়গা জুড়ে বিস্তৃত পঞ্চাশ হাজার বৃক্ষরাজি শোভিত এই প্রতিষ্ঠানে রয়েছে দুটি হোটেল ভবন। একটির নাম ক্যামেলিয়া ও অপরটি মধুমালতি। নিজস্ব হরিণ ও ঘোড়া সহ বহু জাতের পাখির কলকাকলিতে মুখরিত ছায়াঘেরা এই হোটেলের বিজনেস ও ফ্যামিলি স্যুটগুলো সত্যিই চিত্তাকর্ষক।


ফোন : ০১৭৩৩-২০০১৮০, ০৮২১-২৮৭০০৪০
রুম ভাড়া : ৭,৫০০-১৭,৫০০ টাকা।

## Excelsior Sylhet Hotel & Resort

Eco-friendly Excelsior Sylhet Hotel & Resort is located at three hills of Khadimpara on Sylhet-Jaflong highway. It is just 25 minutes' drive away from the Osmani international airport of Sylhet and is also well connected by rail and road. This is designed covering more than 17 acres of green hills and lake. Excelsior Sylhet has two exclusive hotel buildings - Modhumaloti and Camellia with fifty world class double rooms and suites. Rooms are engrossed with serenity and beauty of the shadows from the surrounding trees and enchanted with the chirping of birds and the sighting of the elegance and delightful movements of pet deer.

Phone : 01733-200180, 0821-2870040
Room Rent : Tk. 7,500-17,500











## হোটেল স্টার প্যাসিফিক

হযরত শাহজালাল (র.) মাজারের একেবারেই দ্বারপ্রান্তে অর্থ্যাৎ শহরের প্রাণকেন্দ্রেই অবস্থিত হোটেল স্টার প্যাসিফিক।

ফোন : ০১৯৩৭-৭৭৬৬৪৪

রুম ভাড়া : ৪,০০০-২৬,০০০ টাকা।

## Hotel Star Pacific

Hotel Star Pacific is situated near Hazrat Shahjalal (R.) Majar at the heart of the city.

Phone : 01937-776644

Room rent : Tk. 4,000-26,000









## হোটেল নূর জাহান গ্র্যান্ড

সিলেট শহরে উচ্চমানের একটি আইকন ল্যান্ডমার্ক আবাসন হোটেল নূর জাহান গ্র্যান্ড যা বাসস্থানের বিলাসিতা বয়ে আনে। এছাড়াও একটি অনন্য জীবনধারার অভিজ্ঞতা, চমৎকার পরিসেবা সম্বলিত হোটেল নূর জাহান গ্র্যান্ড যা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত।

ফোন : ০১৯৩০-১১১৬৬৬

রুম ভাড়া : ৪,০০০-২৬,০০০ টাকা।

## Hotel Noorjahan Grand

Soaring high above downtown Sylhet, Hotel Noorjahan Grand is an iconic landmark that offers the ultimate luxury in accommodation. Proposing a unique lifestyle experience, the hotel promises to offer nothing less than excellent service in the heart of the city.

Phone : 01930-111666

Room rent : Tk. 4,000-26,000

# প্রকৃতি কন্যা সিলেট

